## ইউনিট : A (গ্রুপ-১)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০১৯-২০

### বাংলা

১. কুম্ভকর্ণ কে?
A. রাবণের সৎভাই B. রাবণের বড় ভাই
C. রাবণের ছোট ভাই D. রাবণের মধ্যম ভাই

**ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার বিভিন্ন চরিত্রের পরিচয়–**
- রাবণ – লঙ্কাপুরীর রাজা (রাক্ষসরাজ)
- কুম্ভকর্ণ – রাবণের মধ্যম ভাই।
- বিভীষণ – রাবণের ছোট ভাই।
- মেঘনাদ – রাবণের ছোট ছেলে।
- বীরবাহু – রাবণের বড় ছেলে।
- নিকষা – রাবণের মা।
- প্রমীলা – মেঘনাদের স্ত্রী।
- লক্ষ্মণ – রামের সহোদর।
- সীতা – রামের স্ত্রী।
- সুমিত্রা – রামের মা।
- রাম – দেবতাদের আশীর্বাদপুষ্ট আর্য রাজা।

**Ans : D.**

২. 'গজদন্ত মিনার' অর্থ কী?
A. হাতির দাঁত B. হস্তিতুল্য বস্তু
C. মিনারের চূড়া D. আভিজাত্যের মিনার

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা দেওয়া হলো–**
- গজদন্ত মিনার – আভিজাত্যের মিনার
- গঙ্গা পাওয়া – মৃত্যু হওয়া
- গঙ্গা বাগে পা – অন্তিম দশা
- গড়গড় করে – অত্যন্ত সহজে
- গণ্ডগ্রাম – অজ পাড়াগাঁ
- গণ্ডি লাগা – মোটা হওয়া
- গবুচন্দ্র – স্থূলবুদ্ধি লোক
- গভীর গাড্ডা – গভীর সংকট
- গয়ংগচ্ছ – ঢিলেমি, কুঁড়েমি
- গলগ্রহ – দায় বা বোঝা

**Ans : D.**

৩. 'যদি জানতাম বড় হয়ে সে একদিন আমার সৌভাগ্যের অন্তরায় হবে'। এখানে সে কে?
A. আমিনা B. ঘসেটি
C. মিরন D. মোহনলাল

**ব্যাখ্যা : নাট্যকার সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের চরিত্র ঘসেটি বেগমের গুরুত্বপূর্ণ কিছু সংলাপ–**
- যদি জানতাম বড় হয়ে সে (সিরাজউদ্দৌলা) একদিন আমার সৌভাগ্যের অন্তরায় হবে।
- বসুন, উমিচাঁদজি। সঙ্গের মেহমানটি আমাদের অচেনা বলেই মনে হচ্ছে।
- আপনারা বড় বেশি কথা কাটাকাটি করেন। শুরু করুন, ওস্তাদজি।
- আপনারা তো সব জানেন। এখন খোলাখুলিভাবে যার যা বলার আছে বলুন।
- ধনকুবের জগৎশেঠকে নগদ অর্থ দিতে হলে শওকতজঙ্গের যুদ্ধের খরচ চলবে কী করে।

**Ans : নাই।**

৪. 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত–
A. গল্প B. নাটক C. উপন্যাস D. প্রবন্ধ

**ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গুরুত্বপূর্ণ কিছু উপন্যাসের নাম–**
বৌ ঠাকুরাণীর হাট, রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি, প্রজাপতির নির্বন্ধ, গোরা, ঘরে বাইরে, চার অধ্যায়, চতুরঙ্গ, যোগাযোগ, দুইবোন মালঞ্চ, শেষের কবিতা ইত্যাদি।

**Ans : C.**

৫. কবি শামসুর রাহমানের মতে, তরুণ শ্যামল পূর্ববাংলা হচ্ছে–
A. সালামের চোখ B. বরকতের মুখ
C. বরকতের বুক D. সালামের মুখ

**ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–**
- কবির মতে, তরুন শ্যামল পূর্ববাংলা হচ্ছে– সালামের মুখ।
- শহরের কৃষ্ণচূড়াকে কবির মনে হয়েছে– শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ।
- পথ-ঘাট, সারা দেশ, ঘাতকের অশুভ আস্তানা ছেয়ে গেছে– অন্য (বিপরীত) রং দিয়ে।
- ঘাতকের আস্তানায় রাত্রি-দিন হয়ে আছে– ভূলুণ্ঠিত।
- ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে– বরকত।
- বীরের রক্তে দুঃখিনী মাতার অশ্রুজলে ফোটে ফুল– বাস্তবের বিশাল চত্বরে।
- হৃদয়ের হরিৎ উপত্যকার সেই ফুল আমাদের– প্রাণ।

**Ans : D.**

৬. 'রুদ্রমঙ্গল' কী জাতীয় গ্রন্থ?
A. কাব্যগ্রন্থ B. প্রবন্ধগ্রন্থ C. পত্রসংকলন D. উপন্যাস

**ব্যাখ্যা : কবি কাজী নজরুল ইসলামের গুরুত্বপূর্ণ কিছু সাহিত্যকর্ম–**
- প্রবন্ধগ্রন্থ – দুর্দিনের যাত্রী, রুদ্রমঙ্গল, যুগবাণী, রাজবন্দীর জবানবন্দী।
- গল্পগ্রন্থ – ব্যাথার দান, রিক্তের বেদন, শিউলিমালা।
- উপন্যাস – বাঁধনহারা মৃত্যুক্ষুধা, কুহেলিকা।
- নাটক – আলেয়া, পুতুলের বিয়ে, ঝিলিমিলি, মধুমালা।
- সঙ্গীত– বুলবুল, চোখের চাতক, চন্দ্রবিন্দু, নজরুল গীতিকা, নজরুল স্বরলিপি, সুরসাকী, জুলফিকার, বনগীতি, সুরলিপি, গুলবাগিচা, গীতিশতদল, সুর-মুকুর, গানের মালা।
- কাব্যগ্রন্থ - নতুন চাঁদ, সাম্যবাদী, সর্বহারা, সন্ধ্যা, চিত্তনামা, দোলন-চাঁপা, প্রলয় শিখা, বিষের বাঁশি, ভাঙ্গার গান, জিঞ্জির, সিন্ধু হিন্দোল, ফণি মনসা, চক্রবাক, অগ্নিবীণা ইত্যাদি।

**Ans : B.**

৭. 'জীবন-বন্দনা' নজরুলের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত কবিতা?
A. চক্রবাক B. সন্ধ্যা C. অগ্নিবীণা D. বিষের বাঁশি

**ব্যাখ্যা : 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত কবিতাগুলোর তালিকা–**
সন্ধ্যা, তরুণ তাপস, আমি গাই তারি গান, জীবন বন্দনা, ভোরের পাখি, কাল বৈশাখী, নগদ কথা, জাগরণ, জীবন, যৌবন, তারুণ্যের গান, চল্ চল্ চল্ উর্দ্ধ গগণে বাজে মাদল, ভোরের সানাই, যৌবন জল তরঙ্গ, রীফ সর্দার, বাংলার আজিজ, সুরের দুলাল, নিশীথ অন্ধকারে, শরৎচন্দ্র, অন্ধ স্বদেশ দেবতা, পাথেয়, দাড়ি-বিলাপ, তর্পণ, না আসা দিনের কবির প্রতি।

**Ans : B.**

৮. কোন বানানটি শুদ্ধ?
A. সমিচিন B. সমীচীন C. সমিচীন D. সমীচিন

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান–**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সমিচীন | সমীচীন | স্নেহাশীষ | স্নেহাশিস |
| মুমুর্ষু | মুমূর্ষু | ঐক্যমত্য | ঐকমত্য |
| মহিষী | মহিয়সী | প্রণয়িণী | প্রণয়িনী |
| জৈষ্ঠ | জ্যেষ্ঠ | বাংগালী | বাঙালি |
| সম্বর্ধনা | সংবর্ধনা | বাল্মিকী | বাল্মীকি |

**Ans : B.**

৯. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদের শিরোনাম–
A. The Tree Without Roots B. The Rootless Tree
C. The Tree Without Root D. Tree Without Roots

**ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের প্রকাশতথ্য–**
- প্রথম প্রকাশ– ঢাকার কমরেড পাবলিশার্স থেকে ১৯৪৮ সালে।
- দ্বিতীয় সংস্করণ– ঢাকার কথাবিতান প্রকাশনা থেকে ১৯৬০ সালে।
- উর্দু অনুবাদ– অনুবাদক কলিমুল্লাহ 'Lal Shalu' নামে ১৯৬০ সালে এটি প্রকাশ করেন।
- ফরাসি অনুবাদ– লেখকের স্ত্রী অ্যান-মারি-থিরো ১৯৬১ সালে 'L Arbre Sans Racines' নামে প্রকাশ করেন।
- ইংরেজি অনুবাদ 'Tree without Roots' নামে লেখক নিজে এটি ১৯৬৭ সালে প্রকাশ করেন।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. কুটিরশিল্প ধ্বংসের মধ্য দিয়ে আমরা কোন সমস্যার সম্মুখীন হয়েছি?
A. ব্রিটিশদের শোষণ B. চাষাবাদে অনাগ্রহ
C. পরাধীনতা D. সমাজের দুর্দশা

ব্যাখ্যা : রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- কুটির শিল্প ধ্বংস হওয়ার মধ্য দিয়ে আমরা - পরনির্ভরশীল হয়ে পড়েছি।
- লেখকের মতে দারিদ্র্য বৃদ্ধি হওয়ার কারণ– সভ্যতা।
- চাষা ধীরে ধীরে সর্বহারা হইতেছে– দুই পয়সা, চার পয়সা করে হারিয়ে।
- পল্লিগ্রামের দুর্গতি দূরীকরণে প্রয়োজন– নারী শিল্পের পুনরুদ্ধার।
- পাটের পরিবর্তে কার্পাস, চরকা ও এন্ডির প্রচলন বৃদ্ধি পেলে গ্রামে গ্রামে– সমৃদ্ধি ফিরে আসবে।
- চাষার দারিদ্র্য ঘুচিতে দরকার– পাঠশালা, চরকা আর টেকো।

**Ans : C.**

১১. নিচের কোন শব্দটির লিঙ্গান্তর হয় না?
A. বেয়াই B. পুলিশ
C. কবিরাজ D. নাপিত

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু নিত্য পুরুষবাচক এবং নিত্য স্ত্রীবাচক শব্দ–
নিত্য পুরুষবাচক শব্দ : কবিরাজ, কাপুরুষ, ঢাকী, বামন, কৃতদার, অকৃতদার, রাষ্ট্রপতি, কেরানি, পুরোহিত, বিচারপতি, কাজী, স্ত্রৈণ, সেনাপতি, জামাতা, প্রধানমন্ত্রী ইত্যাদি।
নিত্য স্ত্রীবাচক শব্দ : কুলটা, সধবা, ত্রয়ো, অরক্ষণীয়া, বিধবা, দাই, পেত্নী, অসূর্যস্পশ্যা, রূপসী, সজনী, শাঁখচুন্নী, ডাইনি, স্বতী, সতীন, বাঈজি, কলিঙ্কিনী, কমলা, সৎমা, সুজলা, ললনা, বিমাতা ইত্যাদি।

**Ans : C.**

১২. 'ছাই ফেলতে ভাঙা কুলো' – প্রবাদে 'ভাঙা কুলো' বলতে বোঝায়–
A. অস্বীকৃত ব্যক্তি B. ঘৃণিত ব্যক্তি
C. উপেক্ষিত ব্যক্তি D. অগণ্য ব্যক্তি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু প্রবাদ প্রবচন–
- চোরের সাক্ষী গাঁটকাটা– অসৎ লোক অসৎ লোকেরই সমর্থন পায়।
- চামচিকে আবার পাখি– বাহ্যিক আকার বড় দেখালেই বড় হয় না।
- ছাই ফেলতে ভাঙ্গা কুলো– তুচ্ছ বা উপেক্ষিত জিনিসের অপরিহার্য সহায়।
- ছুঁচো মেরে হাত গন্ধ করা– তুচ্ছ কাজে হাত দিয়ে দুর্নাম পাওয়া।
- জোঁকের মুখে নুনের ছিটে– দম্ভকারীর উপযুক্ত মোকাবিলা।
- ঝাঁকের কৈ ঝাঁকে মেশা– দলছুটের পুনরায় দলে প্রত্যাবর্তন।

**Ans : C.**

১৩. 'ঐকতান' কবিতাটি কোন্ ছন্দে রচিত?
A. স্বরবৃত্ত B. অক্ষরবৃত্ত
C. মাত্রাবৃত্ত D. গদ্যছন্দ

ব্যাখ্যা : কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- ছন্দ – কবিতাটি অমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত।
- মাত্রা – ৮ + ৬ এবং ৮ + ১০ মাত্রার পর্বই অধিক। তবে ৯ মাত্রার অসম পর্ব এবং ৩ ও ৪ মাত্রার অপূর্ণ পর্বও ব্যবহৃত হয়েছে।
- উৎস – কবিতাটি 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা।
- প্রকাশ – 'প্রবাসী' পত্রিকায় ১৩৪৭ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায় প্রকাশিত হয়।
- উদ্দেশ্য – কবির আত্মসমালোচনা ও নিজের অপূর্ণতার স্বতস্ফূর্ত স্বীকারোক্তি।

**Ans : B.**

১৪. 'সৃষ্টি'-র বিপরীত শব্দ–
A. প্রলয় B. অনাসৃষ্টি
C. অজন্মা D. অসৃষ্টি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ–

| মূলশব্দ | বিপরীতার্থক শব্দ | মূলশব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| সৃষ্টি | প্রলয় | সাবেক | হাল/বর্তমান |
| জ্বলন | নির্বাপণ | তির্যক | ঋজু/সরল |
| নির্গমন | আগমন | প্রসাদ | বিষাদ |
| পৃথগন্ন | একান্ন | নীচ | মহৎ |
| চিরন্তন | আকস্মিক | উদ্ধত | বিনীত |

**Ans : A.**

১৫. মানিক বন্দ্যোপাধ্যায় কত বছর বয়সে "অতসীমামী" গল্প লিখেছেন?
A. একুশ B. বাইশ
C. বত্রিশ D. বিশ

ব্যাখ্যা : কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- জন্ম (১৯০৮) দুমকায় – মৃত্যু (১৯৫৬) নীলরতন সরকারি হাসপাতালে।
- তারা ছিলেন চৌদ্দ (১৪) ভাইবোন – আট ভাই এবং ছয় বোন।
- জন্ম পত্রিকায় মানিকের নাম ছিলো – অধরচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
- তার ডাকনাম কালামানিক ছিলো– কৃষ্ণাকায় ছিলেন বলে।
- তার প্রথম গল্প 'অতসীমামী' লিখেন ২০ বছর বয়সে – ১৯২৮ সালে।

**Ans : D.**

## ইংরেজি

16. **Which expression is correct?**
A. ten cattles B. one cattle
C. ten head of cattle D. ten heads of cattle

ব্যাখ্যা : 'head' word টি use করা হয় কৃষকদের দ্বারা তাদের গবাদিপশু গণনার জন্য। one head of cattle মানে একটি গবাদি পশু।
**Example :** My land runs 5000 head of cattle.
অনুরূপভাবে, ten head of cattle হবে।

**Ans : C.**

17. **They elected him chairman. Its passive form is:**
A. He was elected chairman (by them).
B. Chairman was elected by them.
C. Chairman was elected him by them.
D. By them was he elected chairman.

ব্যাখ্যা : **Active sentence কে Passive করার Structure :**
Object in Subject position + tense অনুযায়ী be verb + মূল verb (p.p) + object (compliment) + by + subject in objective form
**Example : Act :** We made him captain.
**Pass :** He was made captain by us.
অনুরূপভাবে, He was elected chairman (by them).

**Ans : A.**

18. **Choose the correct sentence:**
A. The boy was too clever not to miss the point
B. The boy was so clever to miss the point.
C. The boy was too clever to miss the point.
D. The boy was clever enough to miss the point.

ব্যাখ্যা : কারণ ও ফলাফল বুঝাতে simple sentence এ too.... to বসে।
**Structure :** Subject + verb + too + Adj./Adv. + to + $v_1$
**Example :** He is too lazy to work.
অনুরূপভাবে, The boy was too clevar to miss the point.

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

19. A decade _____ since the discovery of leprosy vaccine. The right option for the gap is:
A. passed B. has passed
C. have passed D. had passed

ব্যাখ্যা : Subject verb agreement এর নিয়ম অনুসারে- singular subject + verb (singular) এবং এখানে present perfect tense এ আছে sentence টি তাই has passed হবে।
**Example :** He has scored the highest mark.
অনুরূপভাবে, A decade has passed since the discovery of leprosy vaccine.
**Ans : B.**

20. From your point of view, which sentence is incorrect?
A. I am taking the admission test.
B. I am giving the admission test.
C. I am sitting the admission test.
D. I am sitting for the admission test.

ব্যাখ্যা : Take admission test, sit admission test এবং sit for admission test তিনটিই শুদ্ধ এবং এদের অর্থ ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া। কিন্তু give admission test ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া বুঝায় না বরং এর অর্থ কারো ভর্তি পরীক্ষা নেওয়া। তাই option 'B' ভুল।
**Ans : B.**

21. Salam is late for office on most days. In other words, he is _____ late for office.
A. almost B. frequently C. occasionally D. seldom

ব্যাখ্যা : Almost - প্রায় Frequently - বারংবার/অভ্যাসমত
Occasionally - মাঝেমাঝে Seldom - কদাচিৎ
এখানে, যেহেতু সালাম বেশিরভাগ দিনই দেরি করে তাই 'frequently' সঠিক হবে।
**Ans : B.**

22. Who is a netizen?
A. one who uses the internet
B. a bad citizen
C. one who is not a citizen of country
D. a citizen of Nottingham

ব্যাখ্যা : Netizen - one who uses the internet
**কিছু গুরুত্বপূর্ণ phrase :**
As though - যেনো All in - ক্লান্ত
Black sheep - কুলাঙ্গার Call to mind - স্মরণ করা
Down to earth - বাস্তবিক For good - চিরতরে
**Ans : A.**

23. We are looking forward to _____ soon. The right expression for the gap is :
A. meet you B. meeting you
C. have meeting you D. be meeting you

ব্যাখ্যা :
{with a view to / look forward to / accustomed to / in order to} + v(ing)
**Example :** I came here with a view to meeting you.
অনুরূপভাবে, We are looking forward to meeting you soon.
**Ans : B.**

24. He is an innovative teacher. Here 'innovative' means:
A. traditional B. old C. dull D. creative

ব্যাখ্যা : innovative - সৃজনশীল
**Innovative এর কিছু synonym এবং antonym :**
**Synonym :** Creative, Ingenious, Inventive, Breaking new ground.
**Antonym :** Old, Customary, Worn, Habitual
**Ans : D.**

25. He went mad. This verb is:
A. transitive B. intransitive C. linking D. stative

ব্যাখ্যা : এখানে, went verb টি একটি linking verb কারণ linking verb হচ্ছে সেই verb যেটি subject এর সাথে বাক্যের বাকি অংশের যোগাযোগ স্থাপন করে।
**Structure :** subject + linking verb + Adj./Noun
**Example :** Shaila looked beautiful.
অনুরূপভাবে, He went mad.
**Ans : C.**

26. He said, "where are my glasses?" Its indirect form is:
A. He asked where are my glasses.
B. He asked where were his glasses.
C. He asked where his glasses were.
D. He asked where his glasses had been.

ব্যাখ্যা : Wh question যুক্ত direct speech কে indirect করার নিয়ম-
**Structure :** subject + asked + WH words + subject (reporting speech) + verb
**Example :** He said, "Where do you live?"
He asked where I live.
অনুরূপভাবে, He asked where his glasses were.
**Ans : C.**

27. Which one is the correct spelling?
A. acomodation B. accomodation
C. acommodation D. accommodation

ব্যাখ্যা : Accommodation - বাসস্থান
**গুরুত্বপূর্ণ কিছু spelling :**
Encyclopedia Inflamable Deceit
Temperament Modern Lieutenant
**Ans : D.**

28. The beggar <u>in front of the gate</u> looked very hungry. Functionally, the underlined phrase is a/an:
A. adverbial phrase B. adjective phrase
C. noun phrase D. prepositional phrase

ব্যাখ্যা : এখানে, Underline করা অংশটুকু বাক্যের subject "The beggar" কে modify করে। তাই এটি একটি adjective phrase.
**Ans : B.**

29. The boy is good _____ mathematics. The appropriate preposition is:
A. of B. for C. at D. on

ব্যাখ্যা : Good at - দক্ষ
বাক্যটির অর্থ হলো — "ছেলেটি গণিতে দক্ষ/পটু"।
**গুরুত্বপূর্ণ কিছু group verb-**
Blow off - নিভিয়ে ফেলা Get along - মানিয়ে নেওয়া
Break in - জোড়পূর্বক প্রবেশ Come by - পাওয়া
Get in - উপস্থিত হওয়া
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

30. The adjective form of 'confidence' is:
A. confidential B. confidencial
C. confident D. confidant

ব্যাখ্যা : Confidence (N) - আত্মবিশ্বাস
Confident (Adj.) - আত্মবিশ্বাসী
Confidently (Adv.) - অসংশয়ে
Ans : C.

## সাধারণ জ্ঞান

৩১. 'দ্যা লাস্ট সাপার' কার আঁকা?
A. মাইকেল এঞ্জেলো B. রাফায়েল
C. লিওনার্দো দ্য ভিঞ্চি D. দোনাতেল্লো

ব্যাখ্যা : • দ্যা লাস্ট সাপার এঁকেছিলেন ইতালীয় চিত্রশিল্পী লিওনার্দো দা ভিঞ্চি।
• মোনালিসার পর এই ছবিটিকেই লিওনার্দোর সেরা কীর্তি হিসেবে মনে করা হয়।
• ধারণা করা হয় ১৪৯৫-১৪৯৮ খ্রিস্টাব্দের মধ্যবর্তী সময়ে ছবিটি আঁকা হয়েছিলো।
• লিওনার্দো দ্য ভিঞ্চির অন্যান্য পরিচয়ও সুবিদিত- ভাস্কর, স্থপতি, সঙ্গীতজ্ঞ, সমরযন্ত্রশিল্পী এবং বিংশ শতাব্দীর বহু বৈজ্ঞানিক আবিষ্কারের নেপথ্য জনক।
Ans : C.

৩২. ডেঙ্গু জ্বরের কারণে শরীরে–
A. হিমোগ্লোবিন কমে যায় B. হিমোগ্লোবিন বেড়ে যায়
C. Platelet বেড়ে যায় D. Platelet কমে যায়

ব্যাখ্যা : • ডেঙ্গু জ্বরের কারণে শরীরে Platelet কমে যায়।
• ডেঙ্গু জ্বর একটি এডিস মশা বাহিত ডেঙ্গু ভাইরাস জনিত গ্রীষ্মমণ্ডলীয় রোগ।
• এডিস মশার কামড়ের মাধ্যমে ভাইরাস সংক্রমণের তিন থেকে পনেরো দিনের মধ্যে সচরাচর ডেঙ্গু জ্বরের উপসর্গগুলো দেখা দেয়।
• উপসর্গগুলির মাঝে রয়েছে জ্বর, মাথাব্যথা, বমি, পেশিতে ও গাঁড়ে ব্যথা এবং গাত্রচর্মে ফুসকুড়ি।
• কিছু কিছু ক্ষেত্রে রোগটি মারাত্মক রক্তক্ষরী রূপ নিতে পারে যাকে ডেঙ্গু রক্তক্ষরী জ্বর (ডেঙ্গু হেমোরেজিক ফিভার) বলা হয়।
• এর ফলে রক্তপাত হয়, রক্তে অনুচক্রিকার মাত্রা কমে যায় এবং রক্ত প্লাজমার নিঃসরণ ঘটে।
Ans : D.

৩৩. আমাজন বনের মোট আয়তনের ৬০ শতাংশ কোন দেশে অবস্থিত?
A. কলম্বিয়া B. ব্রাজিল C. বলিভিয়া D. পেরু

ব্যাখ্যা : • আমাজন বনের মোট আয়তনের ৬০ শতাংশ ব্রাজিলে অবস্থিত।
• আমাজন বনাঞ্চল দক্ষিণ আমেরিকার আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত বিশাল বনভূমি।
• ৯ টি দেশ জুড়ে এই অরণ্য বিস্তৃত।
• আমাজন অরণ্যের ৬০% রয়েছে ব্রাজিলে, ১৩% রয়েছে পেরুতে এবং বাকি অংশ রয়েছে কলম্বিয়া, ভেনেজুয়েলা, ইকুয়েডর, বলিভিয়া, গায়ানা, সুরিনাম এবং ফরাসি গায়ানায়।
Ans : B.

৩৪. বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী?
A. ওয়েবসাইট B. পদ্মা C. পিপীলিকা D. পুস্তক

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম পিপীলিকা।
• এটি ২০১৩ সালে চালু হয়।
• এর ডোমেইন ঠিকানা www.pipilika.com ।
• পিপীলিকা সংবাদ, ব্লগ, বাংলা উইকিপিডিয়া এবং জাতীয় ই-তথ্যকোষ এ চার ধরনের উৎস থেকে তথ্য উত্থাপন করে থাকে।
• পিপীলিকা ছাড়াও বাংলাদেশে চরকি নামের আরো একটি সার্চ ইঞ্জিন চালু হয়েছে ২০১৫ সালে।
Ans : C.

৩৫. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র–
A. ম্যানোমিটার B. সিসমোমিটার
C. ওডোমিটার D. ট্যাকোমিটার

ব্যাখ্যা : • উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র ট্যাকোমিটার।
• সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র ক্রোনোমিটার।
• বায়ুমন্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র ব্যারোমিটার।
• গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র ম্যানোমিটার।
• ভূমিকম্প মাপার যন্ত্র সিসমোমিটার।
• মোটরগাড়ির গতি নির্ণায়ক – ওডোমিটার।
Ans : D.

৩৬. ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার যিনি পেয়েছেন তিনি কোন দেশের নাগরিক?
A. সুইডেন B. জার্মানি C. ঘানা D. ইথিওপিয়া

ব্যাখ্যা : • ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি।
• তিনি ১০০তম নোবেল শান্তি পুরস্কার বিজয়ী।
• শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতা অর্জনের প্রচেষ্টার জন্য এবং বিশেষত প্রতিবেশী ইরিত্রিয়ার সঙ্গে সীমান্ত সংঘাত নিরসনে নিষ্পত্তিমূলক উদ্যোগের জন্য আবিকে সম্মানজনক এ পুরস্কার দেওয়া হয়েছে।
• এ বছর (২০১৯) মোট ১৪ জন ব্যক্তি নোবেল পুরস্কারে ভূষিত হয়েছেন; যাদের মধ্যে রয়েছে জাপানি (১ জন), কানাডীয় (১ জন), মার্কিন (৩ জন), ইংরেজ (২ জন), সুইস (২ জন), ভারতীয় (১ জন), ফরাসি (১ জন), ইথিওপিয়ান (১ জন), সুইডিশ (২ জন) ।
Ans : D.

৩৭. বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কী?
A. ব্যারোমিটার B. হাইড্রোমিটার
C. হাইগ্রোমিটার D. এলটিমিটার

ব্যাখ্যা : • বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্র হাইগ্রোমিটার।
• তরল পদার্থের ঘনত্ব পরিমাপের যন্ত্র হাইড্রোমিটার।
• গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র ম্যানোমিটার।
• উচ্চতা নির্ণয় করার যন্ত্রের নাম অলটিমিটার।
Ans : C.

৩৮. রঙিন টেলিভিশন থেকে কোন ক্ষতিকর রশ্মি বের হয়?
A. বিটা রশ্মি B. গামা রশ্মি
C. রঞ্জন রশ্মি D. কসমিক রশ্মি

ব্যাখ্যা : • রঙিন টেলিভিশন থেকে বের হওয়া ক্ষতিকর রশ্মির নাম গামা রশ্মি।
• তেজস্ক্রিয় রশ্মি তিন ধরণের - আলফা রশ্মি, বিটা রশ্মি ও গামা রশ্মি।
• গামা রশ্মি বা গামা বিকিরণ (প্রতীক $\gamma$) একপ্রকার উচ্চ কম্পাঙ্কের খুব ছোট তরঙ্গদৈর্ঘ্য তড়িৎ-চুম্বকীয় বিকিরণ।
• ফরাসি রসায়নবিদ এবং পদার্থবিজ্ঞানী পল ভিলার্ড ১৯০০ সালে রেডিয়াম বিকিরণ নিয়ে পরীক্ষা করার সময় গামা রশ্মি আবিষ্কার করেন।
Ans : B.

৩৯. এভিকালচার কী?
A. মৌমাছি পালন B. পাখি পালন
C. উড়োজাহাজ ব্যবস্থাপনা D. উড্ডয়ন সংক্রান্ত বিষয়

ব্যাখ্যা : • এভিকালচার বলতে পাখিপালন সংক্রান্ত বিষয়াদি বুঝায়।
• পিসিকালচার বলতে বোঝায় মৎস চাষ।
• এপিকালচার বলতে বোঝায় মৌমাছি পালন বিজ্ঞান।
• সেরিকালচার বলতে রেশম চাষ বিজ্ঞানকে বুঝায়।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪০. সর্বপ্রথম পরীক্ষামূলকভাবে ইন্টারনেট চালু হয় যে বিশ্ববিদ্যালয়ে–
A. অক্সফোর্ড
B. ক্যামব্রিজ
C. হার্ভার্ড
D. ইউসিএলএ

ব্যাখ্যা : • সর্বপ্রথম পরীক্ষামূলকভাবে ইন্টারনেট চালু হয়– ইউসিএলএ। এর পূর্ণরূপ- ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া, লস অ্যাঞ্জেলেস (ইউসিএলএ)।
• ১৯৫০ সালে কম্পিউটার বিজ্ঞান অধ্যাপক লিওনার্ড ক্লাইনরক ইউসিএলএ-তে তাঁর নিজস্ব গবেষণাগারে সর্বপ্রথম পরীক্ষামূলকভাবে ইন্টারনেট চালু করেন।
• ইউসিএলএ থেকে ক্লাইনক অর্পানেটের মাধ্যমে একটি বার্তা স্ট্যানফোর্ড রিসার্চ ইনস্টিটিউট (এসআরআই) তে পাঠান।
• নেটওয়ার্ক সরঞ্জামের দ্বিতীয় অংশ সেখানে স্থাপিত করা হয়েছিল।
Ans : D.

৪১. 'OIC' –এর বর্তমান প্রেসিডেন্ট–
A. সাদ আবদুল্লাহ
B. সালমান বিন আব্দুল আজিজ
C. তারেক আবদুল্লাহ
D. শরীফ আস-সাবের

ব্যাখ্যা : • OIC -এর বর্তমান মহাসচিব (প্রেসিডেন্ট নামক পদ নেই) হুসেইন ইব্রাহিম তাহা (চাদ)।
• এর পূর্ণরূপ- Organisation of Islamic Cooperation।
• OIC এর সদর দপ্তর-সৌদি আরবের জেদ্দায় অবস্থিত।
• এর বর্তমান সদস্যসংখ্যা ৫৭।
• ১৯৬৯ সালে মরোক্কোর রাবাতে এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়।
Ans : নেই।

৪২. সত্যজিৎ রায় কোন বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণ করেছিলেন?
A. চারুকলা
B. চলচ্চিত্র
C. সঙ্গীত
D. নাট্যকলা

ব্যাখ্যা : • সত্যজিৎ রায় কলকাতার প্রেসিডেন্সি কলেজে অর্থনীতি বিষয়ে পড়াশুনা করেন। এরপর তার মায়ের ইচ্ছাতে শান্তিনিকেতনে রবীন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিষয়ের উপর পড়াশুনা করেন।
• সত্যজিৎ রায় (১৯২১ – ১৯৯২) একজন ভারতীয় চলচ্চিত্র নির্মাতা, চিত্রনাট্যকার, শিল্প নির্দেশক, সঙ্গীত পরিচালক এবং লেখক।
• তিনি ৩৭টি পূর্ণদৈর্ঘ্য কাহিনীচিত্র, প্রামাণ্যচিত্র ও স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেন।
• তার নির্মিত প্রথম চলচ্চিত্র পথের পাঁচালী (১৯৫৫) ১১টি আন্তর্জাতিক পুরস্কার লাভ করে। এর মধ্যে অন্যতম হচ্ছে ১৯৫৬ কান চলচ্চিত্র উৎসবে পাওয়া "শ্রেষ্ঠ মানব দলিল" (Best Human Documentary) পুরস্কার।
Ans : A.

৪৩. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কোন সময়ে?
A. ১৯৭১ সালের ডিসেম্বরে
B. ১৯৭২ সালের মার্চে
C. ১৯৭২ সালের নভেম্বরে
D. ১৯৭২ সালের ডিসেম্বরে

ব্যাখ্যা : • বাংলাদেশের সংবিধান অনুমোদন করা হয় ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর এবং কার্যকর হয় ১৬ই ডিসেম্বর ১৯৭২ সালে।
• গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন।
• এটি একটি লিখিত দলিল।
• মূল সংবিধান ইংরেজি ভাষায় রচিত হয় এবং একে বাংলায় অনুবাদ করা হয়।
• বাংলাদেশের সংবিধান সর্বমোট ১৭ বার সংশোধীত হয়েছে।
• এই সংবিধান সংশোধনের জন্য জাতীয় সংসদের সদস্যদের মোট সংখ্যার দুই তৃতীয়াংশ ভোটের প্রয়োজন হয়।
Ans : C.

৪৪. 'মনপুরা ৭০' কী?
A. একটি চলচ্চিত্র
B. একটি উপন্যাস
C. একটি চিত্রশিল্প
D. কোনটিই নয়

ব্যাখ্যা : • 'মনপুরা ৭০' শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা একটি ছবি।
• ১৯৭০ সালে দক্ষিণাঞ্চলে আঘাত হানা এক ভয়াবহ ঘূর্ণিঝড়ে প্রায় আট লাখ মানুষ মারা যায়। শিল্পী জয়নুল এই ভয়াবহ অভিজ্ঞতাকে তাঁর শিল্পকর্মের বিষয় হিসেবে উপস্থাপন করেছেন।
• জয়নুল আবেদিন (১৯১৪ – ১৯৭৬) বিংশ শতাব্দীর একজন বিখ্যাত বাঙালি চিত্রশিল্পী।
• পূর্ববঙ্গে তথা বাংলাদেশে চিত্রশিল্প বিষয়ক শিক্ষার প্রসারে আমৃত্যু প্রচেষ্টার জন্য তিনি শিল্পাচার্য অভিধা লাভ করেন।
Ans : C.

৪৫. কিউনিফর্ম কী?
A. লেখনী
B. বর্ণমালা
C. ভাষা
D. চিত্রারীতি

ব্যাখ্যা : • কিউনিফর্ম এক প্রকার লেখনী বা লিপি।
• কিউনিফর্ম লিপি (Cuneiform script) বিশ্বের প্রাচীন লিপিগুলোর মধ্যে অন্যতম।
• সুমেরিয়ানরা এটির আবিষ্কারক।
• প্রায় খ্রিস্টপূর্ব ৪০০০ সালে এ লিপি আবিষ্কৃত হয়।
Ans : A.

৪৬. সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারের প্রতিষ্ঠাতা কে?
A. রেইড হফম্যান
B. জেফরি প্রিস্টন বিজোস
C. জ্যাক ডর্সি
D. জ্যাক মা

ব্যাখ্যা : • সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারের প্রতিষ্ঠাতা জ্যাক ডর্সি।
• ২০০৬ সালের মার্চ মাসে টুইটারের যাত্রা শুরু হয়।
• টুইটার বর্তমান বিশ্বের দ্বিতীয় বড় সামাজিক যোগাযোগ মাধ্যম।
• এখানে ব্যবহারকারীরা সর্বোচ্চ ২৮০ অক্ষরের বার্তা আদান-প্রদান ও প্রকাশ করতে পারেন।
• এই বার্তাগুলোকে টুইট বলা হয়ে থাকে।
Ans : C.

৪৭. তারেক মাসুদ নির্মিত "আদম সুরত" চলচ্চিত্রটি কোন শিল্পীর জীবন নিয়ে নির্মিত?
A. জয়নুল আবেদিন
B. কামরুল হাসান
C. এস.এম. সুলতান
D. সফিউদ্দিন আহমেদ

ব্যাখ্যা : • তারেক মাসুদ নির্মিত "আদম সুরত" চলচ্চিত্রটি আধুনিক চিত্রশিল্পী এস এম সুলতানের জীবন নিয়ে নির্মিত।
• এ চলচ্চিত্রটির নির্বাহী প্রযোজনা করেছেন ক্যাথরিন মাসুদ।
• মূলত শিল্পী এস এম সুলতান বিষয়ক আহমদ ছফা রচিত একটি লেখা ১৯৮২ সালে তারেক মাসুদকে এই চলচ্চিত্রটি নির্মাণে উদ্বুদ্ধ করে।
• এরপর টানা সাত বছর ধরে ১৯৮৯ সাল পর্যন্ত তারেক মাসুদ চলচ্চিত্রটি নির্মাণ করেন।
Ans : C.

৪৮. নিচের কোনটি গ্রীণ হাউজ গ্যাস নয়?
A. নাইট্রাস অক্সাইড
B. কার্বন-ডাই অক্সাইড
C. মিথেন
D. নাইট্রোজেন

ব্যাখ্যা : • এখানে নাইট্রোজেন গ্রীণ হাউজ গ্যাস নয়।
• বায়ুমন্ডলের যে সকল গ্যাস তাপীয় অবলোহিত সীমার মধ্যে বিকিরিত শক্তি শোষণ ও নির্গত করে সে সকল গ্যাসকে গ্রীন হাউস গ্যাস বলে।
• এটি গ্রীনহাউস প্রভাবের মৌলিক কারণ।
• পৃথিবীর বায়ুমন্ডলে প্রাথমিক গ্রীনহাউস গ্যাস গুলোর মধ্যে আছে জলীয় বাষ্প,কার্বন-ডাই অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড এবং ওজোন।
• সৌর জগতের বিভিন্ন গ্রহ যেমন শুক্র, মঙ্গল ইত্যাদির বায়ুমন্ডলেও বিভিন্ন গ্রীনহাউস গ্যাস রয়েছে।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪৯. আল মাহমুদের 'সোনালী কাবিন' কোন ধরনের রচনা?
A. নাটক B. উপন্যাস
C. কাব্যগ্রন্থ D. ছোট গল্প

ব্যাখ্যা : • আল মাহমুদের 'সোনালী কাবিন' একটি কাব্যগ্রন্থ।
• 'সোনালী কাবিন' আল মাহমুদের সনেট জাতীয় কাব্য।
• আল মাহমুদ যে সকল সাহিত্য রচনা করেছেন তার মধ্যে সোনালী কাবিন তাকে বেশি পরিচিতি প্রদান করেছে।
• এতে মোট ১৪টি সনেট রয়েছে।
Ans : C.

৫০. কোন গ্রহের তাপমাত্রা সর্বাধিক?
A. বুধ B. শুক্র
C. বৃহস্পতি D. শনি

ব্যাখ্যা : • শুক্র গ্রহের তাপমাত্রা সর্বাধিক।
• এটি সূর্যের দ্বিতীয় নিকটতম গ্রহ।
• শুক্রের আছে কার্বন-ডাই অক্সাইড এবং নাইট্রোজেনের ভারী বায়ুমণ্ডল। যা ভেদ করে রাতের বেলা খুব অল্প পরিমাণ তাপ শুক্র হতে বের হয়ে যেতে পারে।
• তাই শুক্র গ্রহের দিনরাত গড়ে তাপমাত্রা থাকে ৪৬২ ডিগ্রি সেলসিয়াস।
Ans : B.

৫১. 'সুনামি' বলতে কী বোঝায়?
A. টর্নেডো B. সামুদ্রিক ঢেউ
C. প্রচণ্ড ঘূর্ণিঝড় D. ভূমিকম্প

ব্যাখ্যা : • 'সুনামি' বলতে সামুদ্রিক ঢেউকে বুঝায়।
• সুনামি (tsunami) জাপানি শব্দ। বাংলায় এর অর্থ 'পোতাশ্রয় ঢেউ'।
• সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের, ভূমিধ্বসের কিংবা আগ্নেয়গিরির উদগীরণের প্রভাবে সৃষ্ট জলোচ্ছাসকেই বলা হয় সুনামি।
• সুনামির সৃষ্টির কারণগুলোর মধ্যে ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, ভূমিধ্বস অন্যতম।
• তন্মধ্যে দুটি কারণ উল্লেখযোগ্য হলো সমুদ্রতলের ২০-৩০ কিলোমিটার গভীরে ভূমিকম্প সংঘটন এবং টেকটোনিক প্লেটের আকস্মিক উত্থান-পতন।
Ans : B.

৫২. চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ প্রাচীন বাংলার কোন জনপদ ভ্রমণ করেন?
A. বঙ্গ B. গৌড়
C. সমতট D. হরিকেল

ব্যাখ্যা : • চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ প্রাচীন বাংলার সমতট জনপদ ভ্রমণ করেন।
• তিনি একাধারে একজন বৌদ্ধ সন্ন্যাসী, পর্যটক এবং অনুবাদক ছিলেন।
• ৬৩০-৬৪০ খ্রিস্টাব্দের মাঝামাঝি সময়ে চীনের এই পরিব্রাজক বাংলা ভ্রমণ করেন।
• চীন ও ভারতের মধ্যকার যোগসূত্র স্থাপনে তার ব্যাপক ভূমিকা রয়েছে।
• মূলত গৌতম বুদ্ধের স্মৃতিবিজড়িত স্থান ও নিদর্শন পরিদর্শন এবং অন্যান্য ভিক্ষুদের রচনাবলী সংগ্রহ করে নিয়ে যাওয়ার জন্য তিনি এই ভ্রমণ শুরু করেছিলেন বলে ধারণা করা হয়।
• তার লেখা ভ্রমণকাহিনী থেকে জানা যায় ঐ সময়ে তিনি সমতটের প্রায় ৩৫টি বিহার ভ্রমণ করেছিলেন।
Ans : C.

৫৩. মায়ানমারের সঙ্গে বাংলাদেশের সীমান্ত কত কি.মি.?
A. ২৫০ কি.মি. B. ২৫১ কি.মি.
C. ২৬১ কি.মি. D. ২৭১ কি.মি.

ব্যাখ্যা : • মায়ানমারের সঙ্গে বাংলাদেশের সীমান্ত ২৭১ কি.মি.।
• মায়ানমারের সাথে বাংলাদেশের ৩টি জেলার সীমান্ত আছে।
• এগুলো হল- রাঙ্গামাটি, বান্দরবান ও কক্সবাজার।
• তন্মধ্যে রাঙ্গামাটি জেলার সাথে ভারত ও মায়ানমারের সীমান্ত রয়েছে।
Ans : D.

৫৪. 'ব্রেক্সিট' কোনটির সাথে সম্পর্কিত?
A. আফ্রিকান ইউনিয়ন B. জাতিসংঘ
C. আসিয়ান D. ইউরোপিয়ান ইউনিয়ন

ব্যাখ্যা : • ব্রেক্সিট ইউরোপিয়ান ইউনিয়ন এর সাথে সম্পর্কিত।
• ইউরোপিয়ান ইউনিয়ন (ইইউ) হচ্ছে ২৮টি দেশের রাজনৈতিক এবং অর্থনৈতিক জোট।
• এই জোটের সদস্য দেশগুলো নিজেদের মধ্যে ব্যবসা-বাণিজ্য করে থাকে, এসব দেশের নাগরিকরা জোটভুক্ত যেকোন দেশে গিয়ে থাকতে ও কাজ করতে পারেন।
• ১৯৭৩ সালে যুক্তরাজ্য ইইউতে যোগ দেয়। তখন এটির নাম ছিল - ইইসি ( ইউরোপিয়ান ইকনোমিক কম্যুনিটি)।
• ২০১৬ সালের ২৩শে জুন একটি গণভোট নিয়েছিল যুক্তরাজ্য।
• ৫২ শতাংশ ভোট পড়েছিল ইউরোপিয়ান ইউনিয়ন ছাড়ার পক্ষে, আর থাকার পক্ষে ছিল বাকি ৪৮ শতাংশ ভোট।
Ans : D.

৫৫. বিশ্বের প্রথম কৃত্রিম কিডনি আবিষ্কারক–
A. ড. অভিজিৎ রায় B. ড. জ্যামস ল্যাং
C. ড. শুভ রায় D. ড. শুভাশীষ রায়

ব্যাখ্যা : • বিশ্বের প্রথম কৃত্রিম কিডনি আবিষ্কারক ড. শুভ রায়।
• তিনি একজন বাংলাদেশী-মার্কিন বিজ্ঞানী।
• শুভ রায় ১৯৬৯ সালে ঢাকায় জন্মগ্রহণ করেন।
• তাঁর পৈতৃক নিবাস চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার রোসাংগিরিতে।
• তাঁর আবিষ্কৃত এই কিডনি রক্তের বিষাক্ত পদার্থ ছাঁকা থেকে শুরু করে রক্তচাপ নিয়ন্ত্রণ ও ভিটামিন ডি তৈরি, সব কাজই করতে পারবে।
Ans : C.

৫৬. ভানুসিংহ কে?
A. প্যারীচাঁদ মিত্র B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. রবীন্দ্র গোপ D. কালীপ্রসন্ন সিংহ

ব্যাখ্যা : • ভানুসিংহ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম।
• রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১ – ১৯৪১) ছিলেন অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, সংগীতস্রষ্টা, নাট্যকার, চিত্রকর, ছোটগল্পকার, প্রাবন্ধিক, অভিনেতা, কণ্ঠশিল্পী ও দার্শনিক।
• তাঁকে বাংলা ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক মনে করা হয়।
• রবীন্দ্রনাথকে গুরুদেব, কবিগুরু ও বিশ্বকবি অভিধায় ভূষিত করা হয়।
• রবীন্দ্রনাথের ৫২টি কাব্যগ্রন্থ, ৩৮টি নাটক, ১৩টি উপন্যাস ও ৩৬টি প্রবন্ধ ও অন্যান্য গদ্যসংকলন রয়েছে।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৫৭. নির্মাণাধীন পদ্মা সেতুর মূল দৈর্ঘ্য কত?

A. ৬.০৯ কি.মি. B. ৬.১১ কি.মি.
C. ৬.১২ কি.মি. D. ৬.১৫ কি.মি.

ব্যাখ্যা : • নির্মাণাধীন পদ্মা সেতুর মূল দৈর্ঘ্য ৬.১৫ কি.মি.
• পদ্মা সেতু বাংলাদেশের পদ্মা নদীর উপর নির্মাণাধীন একটি বহুমুখী সড়ক ও রেল সেতু।
• এর মাধ্যমে লৌহজং, মুন্সিগঞ্জের সাথে শরিয়তপুর ও মাদারীপুর যুক্ত হবে। ফলে দেশের দক্ষিণ-পশ্চিম অংশের সাথে উত্তর-পূর্ব অংশের সংযোগ ঘটবে।
• পদ্মা-ব্রহ্মপুত্র-মেঘনা নদীর আববাহিকায় ১৫০মিটার দৈর্ঘ্যের মোট ৪১টি স্প্যান বসবে।
Ans : D.

৫৮. কোন বনভূমিকে পৃথিবীর ফুসফুস বলা হয়?

A. সুন্দরবন B. মিয়োম্ব
C. আমাজন D. ডেইনট্রি রেইন ফরেস্ট

ব্যাখ্যা : • আমাজন বনভূমিকে পৃথিবীর ফুসফুস বলা হয়।
• এটি দক্ষিণ আমেরিকার আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত বিশাল বনভূমি।
• ৭০ লক্ষ বর্গকিলোমিটার অববাহিকা পরিবেষ্টিত এই অরণ্য ৯টি দেশ জুড়ে বিস্তৃত।
• আমাজন অরণ্য ৬০% রয়েছে ব্রাজিলে, ১৩% রয়েছে পেরুতে এবং বাকি অংশ রয়েছে কলম্বিয়া, ভেনেজুয়েলা, ইকুয়েডর, বলিভিয়া, গায়ানা, সুরিনাম এবং ফরাসি গায়ানায়।
• বনে প্রায় ৩৯০ বিলিয়ন বৃক্ষ রয়েছে যেগুলো প্রায় ১৬০০০ প্রজাতিতে বিভক্ত।
Ans : C.

৫৯. বর্তমান বিশ্বে কোন দেশের সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়?

A. সুইজারল্যান্ড B. জাপান
C. ফিনল্যান্ড D. অস্ট্রিয়া

ব্যাখ্যা : • বর্তমান বিশ্বে জাপানের সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে ১৯৪৭ সালের ৩রা মে জাপান পুরনো সংবিধান রহিত করে নতুন সংবিধান রচনা করে ।
• মূলত বিশ্বযুদ্ধে পরাজয়ের মাধ্যমে যুক্তরাষ্ট্রের নির্দেশনায় জাপানের সংবিধান রচিত হয়েছিল ।
• সংবিধানে উল্লেখ করা হয় জাপানের জনগণ জাতির একটি সার্বভৌম অধিকার হিসাবে চিরতরে যুদ্ধ পরিহার করেছে এবং ভূমি, নৌ ও বিমানবাহিনীসহ অন্যান্য সম্ভাব্য যুদ্ধ সৃষ্টিকারী বাহিনী রাখবে না ।
• এজন্য মুলত জাপানের সংবিধান শান্তিবাদী সংবিধান নামেও পরিচিত ।
Ans : B.

৬০. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

A. শাহাবুদ্দীন B. জসীম উদ্দীন
C. কামরুল হাসান D. এদের কেউ নন

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান।
• কামরুল হাসান (১৯২১ - ১৯৮৮) প্রখ্যাত বাংলাদেশী চিত্রশিল্পী।
• তাঁকে সবাই শিল্পী বললেও তিনি নিজে 'পটুয়া' নামে পরিচিত হতে পছন্দ করতেন।
• স্বাধীনতা যুদ্ধকালীন সময়ে জেনারেল ইয়াহিয়ার মুখের ছবি দিয়ে আঁকা 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' পোস্টারটি খুব বিখ্যাত।
Ans : C.

# লিখিত অংশ

## বাংলা

১. 'ঐকতান' শব্দের অর্থ কী?

Ans : 'ঐকতান' শব্দের অর্থ হল — সম্মিলিত সুর।
ব্যাখ্যা : কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ–
• বিপুলা – বিশাল প্রশস্ত
• গিরি – পর্বত, পাহাড়
• উদ্‌বারি – উপরে প্রকাশ করে দাও
• অগোচরে – অদেখা, অজানা
• ঐকতান – সম্মিলিত সুর
• বাতায়ন – জানালা
• রস – সাহিত্যরস বা শিল্পরস
• মর্ম – মন, প্রাণ, অন্তর

২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'একুশ' কী?

Ans : 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশ হচ্ছে ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারীর ভাষা আন্দোলনের প্রেক্ষাপট।
ব্যাখ্যা: 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং'–
• উপর্যুক্ত চরণের একুশ হলো ১৯৫২ সালের ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারির ২১ তারিখ।
• এই দিনে রাষ্ট্রভাষা বাংলার দাবীতে ছাত্ররা ১৪৪ ধারা ভঙ্গ করলে তাদের কয়েকজনকে পুলিশ গুলি করে হত্যা করে। তবুও বাংলার ছাত্রসমাজ পিছপা না হয়ে তাদের দাবী আদায় করে নেয়।
• ১৯৬৯ সালেও ছাত্র আন্দোলন শুরু হয়ে তা গণঅভ্যুত্থানে রূপ নেয়। তাই কবি আন্দোলনরত জনগণকে উদ্বুদ্ধ করতে ১৯৫২ এর ২১শে ফেব্রুয়ারি এবং ভাষা শহিদদের কথা বলেছেন।

৩. 'বিড়াল' রচনায় পরম ধর্ম কী?

Ans : 'বিড়াল' রচনায় পরোপকারই পরম ধর্ম।
ব্যাখ্যা : • উৎস : প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সমাজের অসংগতি দেখে দুঃখিত হয়েছিলেন এবং এই অসংগতি দূর করার জন্য তিনি প্রবন্ধে নেশাখোর ও চতুষ্পদ চরিত্রের আশ্রয় নেন।
• প্রসঙ্গ : প্রশ্নোক্ত উক্তিটি বিড়ালের। সে কমলাকান্তকে এই উপদেশটি দিয়ে বোঝাতে চায় যে, এতে (দুধ খাওয়ায়) কমলাকান্তের পরম ধর্ম পালন হয়েছে।
• ব্যাখ্যা : পরের উপকার করলে প্রকারান্তরে স্রষ্টার উপকার করা হয় এবং নিজ ধর্ম পালন হয়। এর ফলে মৃত্যুর পর মানুষ জান্নাতে বা স্বর্গে যাবে। এই বিশ্বাসে বিশ্বাসী হয়েই বিড়াল কমলাকান্তকে উপর্যুক্ত উপদেশটি দেন।

৪. 'পাছায় জোটে না ত্যানা' রোকেয়া সাখাওয়াত হোসেন কোন প্রসঙ্গে কাদের সম্পর্কে একথা বলেছেন?

Ans : পাট চাষকারীদের অবস্থা প্রসঙ্গে প্রাবন্ধিক রোকেয়া সাখাওয়াত হোসেন উপর্যুক্ত উক্তিটি করেন।
পাটকল বা চটকল শ্রমিকরা মাসিক বেতন পান ৫০০-৭০০। কিন্তু এই বেতন পেয়ে তারা নবাবি হালে চলাফেরা করে। কিন্তু যারা পাট চাষ করে তাদের পাটের দাম সামান্য। তাই তারা ত্যানা জোগার করতে পারেনা। প্রাবন্ধিক পাট চাষীদের সামর্থ্য সম্পর্কে বোঝানোর জন্য 'পাছায় জোটেনা ত্যানা' উক্তিটি করেছেন।

৫. 'নেকলেস' গল্পের লেখক গী দ্য মোপাসাঁর পুরো নাম কী?

Ans : 'নেকলেস' গল্পের লেখক গী দ্য মোপাসাঁর পুরো নাম — Henri Rene' Albert Guy de Maupassant.
ব্যাখ্যা : গল্পকার গী দ্য মোপাসাঁর সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
• জন্ম-মৃত্যু – নর্মান্ডি শহরে (১৮৫০) এবং প্যারিসে (১৮৯৩)।
• পরিচয়– ঔপন্যাসিক, ছোটগল্প লেখক এবং কবি।
• জাতীয়তা– ফরাসি।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৬. নিম্নোক্ত বাক্যটি শুদ্ধ কর-
দারিদ্র্যতা ও দুর্নীতিমুক্ত সমৃদ্ধশালী বাংলাদেশ চাই।

**Ans :** দারিদ্র্য ও দুর্নীতিমুক্ত সমৃদ্ধ বাংলাদেশ চাই।
**ব্যাখ্যা :** গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বাক্য :
- বেলালের ব্যবহারে মাধুর্যতা (মাধুর্য) নাই।
- প্রত্যেক শিক্ষকগণ (শিক্ষক) উপস্থিত থাকবেন।
- ছাত্রদের মধ্যে ঐক্যতা (ঐক্য/একতা) থাকা দরকার।
- তাকে কলেজে যাইতে (যেতে) হবে।

৭. ঋণ, রণ, বর্ষা, কর্ষণ শব্দগুলোর বানানে কোন নিয়ম অনুসৃত হয়েছে?

**Ans :** ঋণ, রণ, বর্ষা, কর্ষণ শব্দগুলোর বানানে ণ-ত্ব বিধানের নিয়ম অনুসৃত হয়েছে, কারণ ঋ, র, ষ এরপর সংস্কৃত শব্দে 'ণ' হয়।
**ব্যাখ্যা :** ণ-ত্ব ও ষ-ত্ব বিধানের গুরুত্বপূর্ণ কিছু নিয়ম ও উদাহরণ–
- ঋ, র, ষ এরপর সংস্কৃত শব্দে 'ণ', 'ষ' হয়– বর্ণ, রণ, বর্ষা, কর্ষণ।
- ঋ, র, ষ এর পর (স্বরবর্ণ, ক বর্গীয় ধ্বনি, প-বর্গীয় ধ্বনি, হ, ং, য়, য ইত্যাদির) কোনটি থাকলেও পরবর্তী ন ও স, 'ণ' ও 'ষ' তে পরিণত হয়। যেমন: কৃপণ, হরিণ, ভ্রমণ, পরিষ্কার, ভীষণ, বিমর্ষ ইত্যাদি।
- ট-বর্গীয় ধ্বনির আগে 'ণ' বা 'ষ' হয় – কণ্ঠ, কাণ্ড, কষ্ট, মিষ্টি।
- বিদেশি শব্দে 'ণ' বা 'ষ' হয় না– স্টোর, কাস্টমার, স্কুল, সেমিস্টার।
- কিছু শব্দে স্বভাবতই 'ণ' বা 'ষ' হয়– মণি, অণু, বীণা, আষাঢ়, ভাষণ।

৮. 'সম্মার্জনা' শব্দের অর্থ কী?

**Ans :** 'সম্মার্জনা' শব্দের অর্থ - ঘষে-মেজে পরিষ্কার করা
**ব্যাখ্যা :** প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ–
- কর্ণধার– নেতৃত্ব প্রদানের সামর্থ আছে এমন ব্যক্তি, নেতা।
- কুর্ণিশ – অভিবাদন, সম্মান প্রদর্শন।
- মেকি– মিথ্যা, কপট, ভন্ডামি।
- আগুনের ঝান্ডা– অগ্নিপতাকা।

৯. চরিতাবিধান কী?

**Ans :** চরিতাবিধান হলো মানুষের জীবনের সংক্ষিপ্ত বর্ণনা। বিশেষ করে কোন জাতির বিশিষ্ট বুদ্ধিজীবী, ঐতিহাসিক, সাহিত্যিক, বৈজ্ঞানিক, রাজনীতিক, শিল্পি এবং আরো অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের জীবনী লেখা থাকে এই গ্রন্থে।
**ব্যাখ্যা :** চরিতাবিধান সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- সেলিনা হোসেন ও নুরুল ইসলাম সম্পাদিত প্রথম বাংলা একাডেমী চরিতাবিধান প্রকাশিত হয় ১৯৮৫ সালে। ১৯৯৭ সালে দ্বিতীয় এবং ২০১১ সালে এর তৃতীয় সংস্করণ প্রকাশিত হয়।
- বাঙালির সাহিত্য, শিক্ষা, সংগীত, চিত্রকলা, সমাজ, রাজনীতি, ইতিহাস, দর্শন, সাংবাদিকতা, স্বাধিকার আন্দোলন, মুক্তিযুদ্ধ প্রভৃতি ক্ষেত্রে বিশেষভাবে উল্লেখযোগ্য মণীষীদের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত ও অবদান এই গ্রন্থে সন্নিবেশিত।

১০. বীরবল কে? বাংলাভাষার ক্ষেত্রে তিনি কী করেছেন?

**Ans :** প্রমথ চৌধুরীর ছদ্মনাম - বীরবল। তিনি বাংলা ভাষায় চলিত সাহিত্য রীতির প্রবর্তক। তিনি মাসিক 'সবুজপত্র' পত্রিকার সম্পাদনা করেন। এই পত্রিকাতেই তাঁর চলিত রীতির সাহিত্য প্রকাশিত হত।
**ব্যাখ্যা :** 'বীরবল' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- তাঁর জন্ম ১৮৬৮ সালে যশোরে এবং মৃত্যু ১৯৪৬ সালে কলকাতায়।
- তিনি রবীন্দ্রনাথের ভাইঝি ইন্দিরা দেবীর স্বামী ছিলেন।
- তিনি কলকাতা হাইকোর্টে আইন ব্যবসা এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন কলেজে অধ্যাপনাও করেন।

## ইংরেজী

**11. Define gerund and use it in a sentence.**

**Ans :** Gerund is a grammar term used to describe a verb that acts like a noun.
An example of a gerund is the word "skiing" which is used in the sentence- "Skiing is something, I like to do." since 'skiing' is the thing you like doing and not the action of the sentence.

**12. What are the four basic language skills?**

**Ans : The four basic language skills are as follows :**
(i) Reading (ii) Writing
(iii) Listening (iv) Speaking
The skills work in pairs when you read or listen we consume a language and when we write or speak we produce a language.

**13. Translate into English: সেদিন যদি বৃষ্টি হতো তা হলে আমরা পিকনিকে যেতাম না।**

**Ans :** If it rained that day, we would not go to picnic.

**14. Use the verb 'open' as transitive and intransitive in separate sentences.**

**Ans : Transitive :** Open your book to page 321.
**Intransitive :** The window opened automatically.

**15. Who is Shakespeare?**

**Ans :** William Shakespeare is a poet, playwright and actor. He is often called as England's national poet, is considered the greatest dramatist of all time. His works are loved throughout the world.

**16. Change the narration: He said to me, "Do you know where she went last Sunday?"**

**Ans :** He asked me if I knew where she had gone last Sunday.

**17. Quote the first two lines of the poem "I have Seen Bengal's Face".**

**Ans :** "I have seen Bengal's face, that is why I do not seek
Beauty of the earth any more : I wake up in the dark".

**18. State the difference between 'many' and 'much'.**

**Ans :** Many is a determiner for countable number. Many is used for countable objects only.
**Example :** Were there <u>many</u> people at the party last night?
Much is a determiner for uncountable number. Much is used for uncountable objects only.
**Example :** How <u>much</u> milk do you want?

**19. We can go to the party if your sister gets ready on time. Identify the clauses in this sentence.**

**Ans : Principal clause :** We can go to the party.
**Subordinate clause :** If your sister gets ready on time (Adverbial Clause)

**20. What is a metaphor?**

**Ans :** A metaphor is a figure of speech that, for rhetorical effect, directly refers to one thing by mentioning another. it may provide clarity or identify hidden similarities between two ideas.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : A (গ্রুপ-২)
## প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা : ২০১৯-২০

### বাংলা

১. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় ধানের গন্ধ বলতে কী বোঝানো হয়েছে?

A. ধানের সৌন্দর্য B. প্রাকৃতিক রূপ
C. কৃষি প্রধান বাংলার চিত্র D. ধানের প্রকৃতি

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাসের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- কবির চোখে সবচেয়ে সুন্দর, মমতারসে সিক্ত, সহানুভূতিতে আর্দ্র বিষণ্ন- বাংলাদেশ।
- বাংলার প্রভাতের সৌন্দর্য ও রহস্যময়তা আঁকার জন্য সূর্য রূপ নেয়- করমচার।
- এদেশের নদীনালার স্রোতধারার প্রাণৈশ্বর্য ও সৌন্দর্য পূর্ণতা পায়- জলে (বারুণীর দেওয়া বরে)।
- বাংলাদেশ একাকার জীবন আর প্রকৃতির- ঐক্যে ও সংহতিতে।
- কৃষি প্রধান বাংলার চিত্র ফুঠে উঠেছে- বাংলার ধানের গন্ধে।

Ans : C.

২. 'পাথার' শব্দের অর্থ কী?

A. মাঠ B. সমুদ্র C. আকাশ D. পর্বত

ব্যাখ্যা : কবি সুফিয়া কামাল রচিত 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ-
- তব বন্দনা - তোমার বন্দনা
- উত্তরী - চাদর, উত্তরীয়।
- অনাখ - অনাক্ষ, অদেখা
- পুষ্পারতি - ফুলের বন্দনা বা নিবেদন
- পাথার - সমুদ্র
- মাধবী - বাসন্তী লতা বা তার ফুল
- করিলে বৃথাই - ব্যর্থ করলে
- ঋতুর রাজন - ঋতুরাজ, বসন্তকাল
- কুহেলি - কুয়াশা
- অর্ঘ্য বিরচন - অঞ্জলি বা উপহার

Ans : B.

৩. 'কথামৃত' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?

A. কথা + অমৃত B. কথঃ + অমৃত
C. কথা + মৃত D. কথঃ + মৃত

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সন্ধিবিচ্ছেদ :
- কথা + অমৃত - কথামৃত
- দেব + আলয় - দেবালয়
- রত্ন + আকর - রত্নাকর
- আশা + অতীত - আশাতীত
- মহা + অর্ঘ - মহার্ঘ
- সিংহ + আসন - সিংহাসন
- হিম + আচল - হিমাচল
- মহা + আশয় - মহাশয়
- হস্ত + অন্তর - হস্তান্তর
- সদা + আনন্দ - সদানন্দ

Ans : A.

৪. আত্মবিশ্বাসহীন ব্যক্তি কীরূপ?

A. পরনির্ভরশীল B. দাম্ভিক C. দাস D. অহিংস

ব্যাখ্যা : প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- যারা আত্মবিশ্বাসহীন, যাদের মধ্যে সত্য নেই তারা - পরনির্ভরশীল।
- তাকে কেউ ভয় দেখিয়ে দমিয়ে রাখতে পারে না - যে নিজেকে চিনে।
- তারাই নিজের সত্যকে অস্বীকার করে ফেলে, যারা - বেশি বিনয় দেখায়।
- যে বিনয় মানুষকে ছোট করে, মাথা নিচু করে তার চেয়ে ভালো- অহংকারের পৌরুষ।
- অভিশাপ রথের সারথির স্পষ্ট কথাটা - অহংকার, সুধা বা ভুল নয়।

Ans : A.

৫. নিচের কোনটি অশুদ্ধ?

A. পিপীলিকা B. বিদ্রুপ C. শিরচ্ছেদ D. বৃশ্চিক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ বানান-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| পিপিলিকা | পিপীলিকা | পরনির্ভরশিল | পরনির্ভরশীল |
| দাম্ভীক | দাম্ভিক | অমির্তাক্ষর | অমিত্রাক্ষর |
| বিদ্রূপ | বিদ্রুপ | শ্রমজীবি | শ্রমজীবী |
| শিরচ্ছেদ | শিরশ্ছেদ | বন্দি | বন্দী |
| বৃষ্টিক | বৃশ্চিক | অহিংশ | অহিংস |

Ans : C.

৬. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের লেখক কোন আন্দোলনের কাণ্ডারী ছিলেন?

A. বন্দীর মুক্তি আন্দোলন B. ভাষা আন্দোলন
C. বুদ্ধির মুক্তি আন্দোলন D. স্বাধীনতা আন্দোলন

ব্যাখ্যা : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের লেখক মোতাহের হোসেন চৌধুরী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্ম - ১৯০৩ সালে নোয়াখালী কাঞ্চনপুরে।
  মৃত্যু - ১৯৫৬ সালে চট্টগ্রাম কলেজে অধ্যাপনা কালে।
- পেশা - শিক্ষাবিদ ও বিশিষ্ট লেখক। মুসলিম সাহিত্য সমাজের সদস্য।
- তিনি বুদ্ধির মুক্তি আন্দোলনের সাথে জড়িত ছিলেন।
- তাঁর লেখায় প্রমথ চৌধুরী ও রবীন্দ্রনাথ ঠাকুরের প্রভাব লক্ষ্য করা যায়।
- তাঁর রচনার বিষয় হলো সমাজ, সংস্কৃতি, ধর্ম, বর্ণ ও মানবতাবোধ।
- তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় এমএ পাশ করেন ১৯৪৩ সালে।

Ans : C.

৭. বাংলা ভাষায় দন্তমূলীয় মূর্ধন্য বর্ণ হলো-

A. চ ছ জ ঝ B. ত থ দ ধ C. ন র ল D. ট ঠ ড ঢ ঢ়

ব্যাখ্যা : বাংলা বর্ণমালার নামানুসারে প্রকারভেদের ছক-
- কণ্ঠ্য বর্ণ - ক, খ, গ, ঘ, ঙ
- শিশ বর্ণ - শ, ষ, স, হ
- তালব্য বর্ণ - চ, ছ, জ, ঝ, ঞ
- পার্শ্বিক বর্ণ - ল
- মূর্ধণ্য বর্ণ - ট, ঠ, ড, ঢ, ঢ় ণ
- অন্তস্থ্য বর্ণ - য়, য
- দন্ত্য বর্ণ - ত, থ, দ, ধ, ন
- পরাশ্রয়ী বর্ণ - ং, ঃ, ঁ
- ওষ্ঠ্য বর্ণ - প, ফ, ব, ভ, ম
- অনুনাসিক বর্ণ - ঁ
- নাসিক্য বর্ণ - ঙ, ঞ, ণ, ন, ম

Ans : D.

৮. অধিকার বা মালিকানা অর্থে নিচের কোন বানানটি শুদ্ধ?

A. স্বত্বাধিকার B. স্বত্বাধিকারী C. স্বত্ত্বাধিকার D. সত্ত্বাধিকার

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান-

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| স্বত্ত্বাধিকার | স্বত্বাধিকার | স্বত্ত্ব | স্বত্ব |
| ভয়ঙ্কর | ভয়ংকর | গোড়া | গোঁড়া |
| ভবিষ্যত | ভবিষ্যৎ | সংগী | সঙ্গী |
| বিদ্দেষ | বিদ্বেষ | ধরনী | ধরণী |
| প্রাচিন | প্রাচীন | | |

Ans : A.

৯. কত বঙ্গাব্দে নূরলদীনের ডাকে বাংলার মানুষ জেগে উঠেছিল?

A. ১৯৮২ B. ১১৮৯ C. ১১৮১ D. ১৭৮১

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- নূরলদীনের ডাকে বাঙলার (রংপুর) মানুষ জেগে উঠেছিলো - ১১৮৯ বঙ্গাব্দে।
- নীলক্ষা নীল আকাশে আছে হাজার হাজার অগণিত - তারা।
- নিচে গ্রাম, গঞ্জ, হাট, জনপদ, লোকালয় আছে - উনসত্তর হাজার।
- পূর্ণিমার চাঁদ জ্যোৎস্না ঢালিতেছে - ধবল (সাদা) দুধের মত।
- ক্ষেত, মাঠ, নদী, বীজ, সংসার - বড় নষ্ট।
- নীলক্ষার নীলে তীব্র শিস দিয়ে ওঠে - বড় চাঁদ।
- অতি অকস্মাৎ ধ্বনি, শব্দ, প্রপাত - স্তব্ধতার দেহ ছিঁড়ে।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. রবীন্দ্রনাথ ঠাকুর কোন কবির কবিতা সম্পর্কে 'চিত্ররূপময়' কথাটি ব্যবহার করেছেন?
A. সুধীন্দ্রনাথ দত্ত B. বুদ্ধদেব বসু
C. জীবনানন্দ দাশ D. বিহারীলাল চক্রবর্তী

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- জন্ম- ১৮৯৯ সালের ১৭ই ফেব্রুয়ারি বরিশালে; মৃত্যু- ১৯৫৪ সালের ২২শে অক্টোবর।
- তিনি কবিতা লেখার প্রেরণা লাভ করেন- তাঁর মায়ের কাছ থেকে।
- বিভিন্ন পেশায় নিয়োজিত থাকলেও তিনি মূলত- ইংরেজি অধ্যাপক ছিলেন।
- রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কাব্যকে বলেছেন- চিত্ররূপময়।
- বুদ্ধদেব বসু তাঁকে আখ্যায়িত করেছেন- নির্জনতম কবি।
- ১৯৭১ সালের মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করে তাঁর- নিসর্গবিষয়ক কবিতা।
- তিনি একাধারে একজন- কবি, প্রাবন্ধিক এবং কথাসাহিত্যিক।

**Ans : C.**

১১. মতিগঞ্জের সড়কের কাছে এসে পড়ে কাদের নৌকা?
A. তাহেরদের B. আক্কাসদের
C. মজিদদের D. খালেকদের

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- মতিগঞ্জের সড়কের কাছে এসে পড়ে- তাহেরদের নৌকা।
- মধুপুরে আমসিপারা পড়ে- ন্যাংটা ছেলেরাও।
- গারো পাহাড় মধুপুর থেকে- তিন দিনের পথ দূরে।
- তারা (মধুপুরবাসী) বর্বর হলেও তাদের দিল সাচ্চা এবং খাঁটি সোনা।
- ধানক্ষেতে হাওয়া গান তুললেও মুসল্লির গলা আকাশে ভাসে না- মহব্বতনগরে।
- দুনিয়ায় সচ্ছলভাবে দু-বেলা খেয়ে বাঁচার খেলা- বড় সাংঘাতিক।
- পুরানো কবরটি ছিলো- ইট সুরকির।

**Ans : A.**

১২. বাংলা অক্ষরবৃত্তের ছন্দের নতুন রূপ কোনটি?
A. মাত্রাবৃত্ত B. অমিত্রাক্ষর
C. পয়ার D. স্বরবৃত্ত

ব্যাখ্যা : বাংলা অক্ষরবৃত্ত ছন্দ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বাংলা ভাষায় ছন্দ তিন প্রকার- অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত, স্বরবৃত্ত।
- অক্ষরবৃত্ত ছন্দের অন্য নাম- মিশ্রকলাবৃত্ত, পয়ার জাতীয় ছন্দ।
- এই ছন্দের মূলপর্ব সাধারণত- ৮ বা ১০ হয়।
- এছাড়াও এই ছন্দ হতে পারে- (৮+৮, ৮+৬, ৮+৪, ৮+২) মাত্রার।
- অক্ষরবৃত্ত ছন্দের মাইকেল প্রণীত নবরূপ- অমিত্রাক্ষর ছন্দ।
- উদাহরণ: হে কবি, নীরব কেন, ফাগুন যে এসেছে ধরায় (৮+১০ মাত্রা)।

**Ans : B.**

১৩. 'এবং' কোন পদের শব্দ?
A. সর্বনাম B. ক্রিয়া
C. অব্যয় D. ক্রিয়া বিশেষণ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অব্যয় পদ-
- সকল উপসর্গই পদের দিক থেকে অব্যয় পদ।
- বাংলা অব্যয়- আর, আবার, ও, হাঁ, না ইত্যাদি।
- তৎসম অব্যয়- যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, এবং ইত্যাদি।
- বিদেশি অব্যয়- আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।

**Ans : C.**

১৪. 'বায়ান্নর দিনগুলো' কার লেখা?
A. আবুল মনসুর আহমদ B. কাজী আবদুল ওদুদ
C. মোতাহের হোসেন চৌধুরী D. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' গল্প থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- বঙ্গবন্ধু ও মহিউদ্দিনকে জেলগেটে নেওয়া হয়- ১৫ই ফেব্রুয়ারী সকালবেলা।
- বঙ্গবন্ধু ও মহিউদ্দিনকে নিয়ে যাওয়া হয়- ফরিদপুর জেলখানায়।
- ডাক্তার সাহেব তাদের নড়াচড়া করতে নিষেধ করে- দুর্বলতার জন্য।
- সিভিল সার্জন বঙ্গবন্ধুকে পরীক্ষা করেন এবং মুখ গম্ভীর করেন- ২৫শে ফেব্রুয়ারী।
- হাসুর আব্বাকে আব্বা বলে ডাকতে চান- শিশু শেখ কামাল।
- বঙ্গবন্ধু ও তাঁর সহকর্মীদের বছরের পর বছর জেল খাটতে হয়- ভাগ্যের নিষ্ঠুর পরিহাসে।

**Ans : D.**

১৫. 'একুশে ফেব্রুয়ারী' কী ধরনের সংকলন?
A. কবিতা B. গল্প C. রচনাবলী D. বায়ান্নর দলিল

ব্যাখ্যা : • 'একুশে ফেব্রুয়ারী' একুশের প্রথম রচনা সংকলন। এতে একুশের কবিতা, গান, গল্প, প্রবন্ধ, নকশা ও ইতিহাস সংকলিত হয়েছে।
- সম্পাদক ও প্রকাশক যথাক্রমে- হাসান হাফিজুর রহমান, মোহাম্মদ সুলতান।
- প্রকাশকাল ও প্রকাশনী- মার্চ, ১৯৫৩। পুঁথিপত্র প্রকাশনী।
- এর দাম ছিলো- দুই টাকা আট আনা।
- এটি উৎসর্গীত- ১৯৫২ এর একুশের শহীদদের প্রতি।
- হাসান হাফিজুর রহমান মারা যান- ১৯৮৩ সালের ১লা এপ্রিলে- মস্কোতে।
- মোহাম্মদ সুলতান মারা যান- ১৯৮৩ সালের ৩১শে ডিসেম্বর।

**Ans : C.**

## English

16. There has been a breakthrough in the treatment of dengue. Here 'breakthrough' is a/an:
A. adjective B. verb C. noun D. adverb

ব্যাখ্যা : Breakthrough (N.)- বিরাট সাফল্য অর্জন

**Ans : C.**

17. The danger is____. The right word in the gap is:
A. eminence B. eminent C. prominent D. imminent

ব্যাখ্যা : Eminence - মহত্ত্ব Eminent - বিখ্যাত
Prominent - বিশিষ্ট Imminent - আসন্ন
এখানে, বাক্যটির অর্থ 'বিপদ আসন্ন' তাই gap এ imminent হবে।

**Ans : D.**

18. He told the story____. The right option is:
A. in a nutshell B. in a shell nut
C. for a nutshell D. in a bullshit

ব্যাখ্যা : in a nutshell - সংক্ষেপে
গুরুত্বপূর্ণ কিছু phrase :
Null and void - বাতিল At a loss - হতবুদ্ধি
Black and blue - নির্মমভাবে Cast aside - বাতিল
In case - যদি Kith and kin - আত্মীয়

**Ans : A**

19. The correct translation of "মেয়েটি দেখতে তার মায়ের মতো" is :
A. The girl takes after her mother.
B. The girl resembles to her mother.
C. The girl is similar to her mother.
D. The mother resembles the girl.

ব্যাখ্যা : Take after - সদৃশ হওয়া
গুরুত্বপূর্ণ কিছু group verb :
Bear on - সহ্য করা Break out - ছড়িয়ে পড়া
Call for - চাওয়া Come by - পাওয়া
Carry on - চালিয়ে যাওয়া Come out - প্রকাশিত হওয়া

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**20. The antonym of 'supernatural' is :**
A. genuine B. fake C. false D. ordinary

ব্যাখ্যা : Supernatural - অতিপ্রাকৃত
**Supernatural এর কিছু synonym এবং antonym :**
**Synonym :** Fairy, Ghostly, Magical, Mystic, Mythical
**Antonym :** Earthly, Hellish, Ordinary, Usual, Known, Real.
**Ans : D.**

**21. The phrase 'few and far between' means :**
A. not frequent B. long distance
C. irregular D. unreachable

ব্যাখ্যা : Few and far between - কদাচিৎ- Not frequent
**গুরুত্বপূর্ণ কিছু phrase :**

| | |
|---|---|
| Pass away - মারা যাওয়া | Put up with - সহ্য করা |
| Red handed - হাতে নাতে | Pros and cons - খুটিনাটি |
| Out and out - সম্পূর্ণরূপে | Make good - ক্ষতিপূরণ |

**Ans : A.**

**22. The adjective 'savoury' is connected with:**
A. colour B. dress C. money D. food

ব্যাখ্যা : Savoury (Adj.) - মসলাদার
এটি সাধারণত খাবারের সাথে সম্পৃক্ত। খাবারকে বিশেষায়িত করতে Savoury ব্যবহার করা হয়।
**Ans : D.**

**23. If you write about your father's life, you are writing:**
A. a diary B. an autobiography
C. a biography D. a chronicle

ব্যাখ্যা : Biography - জীবনী
Autobiography - আত্মজীবনী
নিজের জীবনী নিজে লিখলে সেটিকে Autobiography বলা হয় এবং অন্যের জীবনী লিখলে বলা হয় Biography.
**Ans : C.**

**24. The missing word is:**
A. compose B. composed of
C. are composed of D. is composed of

ব্যাখ্যা : Carbon and oxygen compose carbon dioxide.
বাক্যটির অর্থ- 'কার্বন এবং অক্সিজেন মিলিত হয়ে কার্বন-ডাই-অক্সাইড তৈরি করে।'
Sentence টি এভাবেও হতে পারে - Carbon dioxide is composed of carbon and oxygen.
**Ans : A.**

**25. ____ a good student, he failed in the exam. The missing expression is :**
A. Despite being B. Despite of being
C. In spite of D. Despite the fact of

ব্যাখ্যা : **In spite of/ despite এর নিয়ম-**
In spite of/despite + noun /noun phrase/gerund.
**Example :** In spite of being poor, he is honest.
অনুরূপভাবে, Despite being a good student, he failed in the exam.
**Ans : A.**

**26. Which one is the correct sentence?**
A. We look forward to hear from you.
B. We look forward hearing from you.
C. We look forward to hearing from you.
D. We look forward hear from you.

ব্যাখ্যা :
**Structure :** { with a view to / look forward to / accustomed to } + v(ing)
**Example :** We came here in order to purchasing some cloth.
অনুরূপভাবে, We look forward to hearing from you.
**Ans : C.**

**27. Let me do the work. Its passive form is:**
A. Let the work be done me.
B. Let the work be done.
C. Let me done the work.
D. Let the work be done by me.

ব্যাখ্যা : **Let দ্বারা যুক্ত sentence কে passive করার নিয়ম-**
Let + object এর subject + be + $v_3$ + by + subject এর object
**Example : Act :**Let me do the work.
**Pass :** Let the work be done by me.
**Ans : D.**

**28. His commerits provoked a barrage of criticism. Here 'a barrage' means :**
A. a storm B. a violence C. a lot D. a hatred

ব্যাখ্যা : A barrage of criticism - সমালোচনার ঝড়
সুতরাং এখানে A barrage এর অর্থ ঝড় বা a storm হবে।
**Ans : A.**

**29. We live upstairs. Here 'upstairs' is a/an :**
A. noun B. pronoun C. adjective D. adverb

ব্যাখ্যা : Verb কে How/When/Where দিয়ে প্রশ্ন করলে যে Answer পাওয়া যায় তা Adverb। এই sentence এর verb কে where দ্বারা প্রশ্ন করলে Answer আসে upstairs। সুতরাং, upstairs is an adverb.
**Ans : D.**

**30. It's a mystery <u>where he works</u>. The underlined clause is a/an:**
A. noun clause B. adjective clause
C. adverbial clause D. principle clause

ব্যাখ্যা : এই sentence এ where he works এটি একটি noun clause.
Noun clause সাধারণত relative pronoun অথবা subordinate conjunction দিয়ে শুরু হয় এবং noun এর কাজ করে।
**Ans : A.**

## সাধারণ জ্ঞান

**৩১. কোন দেশে বাংলা একটি দাপ্তরিক ভাষা?**
A. সুদান B. ইথিওপিয়া C. সিয়েরা লিওন D. কঙ্গো

ব্যাখ্যা : • সিয়েরা লিওনে বাংলা একটি দাপ্তরিক ভাষা।
• বাংলা এখন বিশ্বের তিনটি দেশের দাপ্তরিক ভাষা- বাংলাদেশ, ভারত ও সিয়েরা লিওন।
• তবে সিয়েরা লিওন এর সঙ্গে বাংলা ভাষার উৎপত্তি ও বিকাশস্থলের ভৌগোলিক ও সাংস্কৃতিক কোনো যোগাযোগ নেই।
• জাতিসংঘ শান্তিরক্ষী মিশনের অংশ হিসেবে দেশটিতে পাঁচ হাজারের বেশি বাংলাদেশি সৈন্য মোতায়েন ছিল।
• তারা সিয়েরা লিয়নের শান্তি-শৃঙ্খলা ও উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখেন।
• বাংলাদেশি সেনাবাহিনীর এই অবদানের স্বীকৃতি হিসেবে ২০০২ সালের ডিসেম্বরে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা ঘোষণা করে দেশটি।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩২. ২০২০ সালে গ্রীষ্মকালীন অলিম্পিক কোন শহরে অনুষ্ঠিত হবে?
A. মস্কো B. দোহা C. টোকিও D. ঢাকা

ব্যাখ্যা : • ২০২০ গ্রীষ্মকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে জাপানের রাজধানী টোকিওতে।
• এটি অফিসিয়ালি ৩২তম অলিম্পিয়াড এবং সাধারণভাবে টোকিও ২০২০ নামে পরিচিত।
• এর আয়োজক আন্তর্জাতিক অলিম্পিক কমিটি।
• প্রতিযোগিতাটি ৪ জুলাই শুরু হবে এবং শেষ হবে ৯ আগস্ট ২০২০।
• টোকিও ২০২০ গ্রীষ্মকালীন প্যারালিম্পিকও আয়োজন করবে।
**Ans : C.**

৩৩. শিল্পী রশিদ চৌধুরী মূলত একজন-
A. চিত্রশিল্পী B. ছাপচিত্রী C. ভাস্কর D. ট্যাপেস্ট্রি শিল্পী

ব্যাখ্যা : • শিল্পী রশিদ চৌধুরী মূলত একজন ট্যাপেস্ট্রি শিল্পী।
• রশিদ চৌধুরী (১৯৩২–১৯৮৬) ছিলেন বাংলাদেশী চিত্রশিল্পী, ভাস্কর, লেখক এবং অধ্যাপক।
• তিনি স্বাধীন বাংলাদেশের দ্বিতীয় প্রজন্মের শিল্পীদের মধ্যে অন্যতম।
• তিনি পঞ্চাশের দশকে বাংলাদেশের আধুনিক শিল্প-আন্দোলনের অন্যতম পথিকৃৎ হিসেবে স্বকীয় শিল্পচর্চার সূচনা করেছিলেন।
• ভারত উপমহাদেশে বিংশ শতাব্দীর ট্যাপেস্ট্রি শিল্পী হিসেবে তিনি অন্যতম অগ্রগামী।
**Ans : D.**

৩৪. কোন নৃ-তাত্ত্বিক সিন্ধু সভ্যতা আবিষ্কার করেন?
A. আলেকজান্ডার গ্রাহাম বেল B. আলেকজান্ডার কানিংহাম
C. আলেকজান্ডার ফ্লেমিং D. আলেকজান্ডার ম্যাসিডন

ব্যাখ্যা : • আলেকজান্ডার কানিংহাম সিন্ধু সভ্যতা আবিষ্কার করেন।
• সিন্ধু সভ্যতা ছিল একটি ব্রোঞ্জ যুগীয় সভ্যতা (৩৩০০ – ১৩০০ খ্রিষ্টপূর্বাব্দ)।
• এই সভ্যতার কেন্দ্র ছিল মূলত ভারতীয় উপমহাদেশের সিন্ধু নদ অববাহিকা।
• বর্তমান পাকিস্তান রাষ্ট্রের প্রায় সম্পূর্ণ অংশ, ভারতীয় প্রজাতন্ত্রের পশ্চিমদিকের রাজ্যগুলি, দক্ষিণ-পূর্ব আফগানিস্তান এবং ইরানের বালোচিস্তান প্রদেশের পূর্ব অংশ এই সভ্যতার অন্তর্গত ছিল।
• হড়প্পা ছিল এই সভ্যতার প্রথম আবিষ্কৃত শহরগুলির অন্যতম।
• ১৯২০-এর দশকে তদনীন্তন ব্রিটিশ ভারতের পাঞ্জাব প্রদেশে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে এই শহরটি আবিষ্কৃত হয়।
• ১৯২০ সাল থেকে সিন্ধু সভ্যতার প্রত্নস্থলগুলিতে খননকার্য চলছে।
• মহেঞ্জোদাড়ো সিন্ধু সভ্যতার একটি অতি গুরুত্বপূর্ণ কেন্দ্র।
**Ans : B.**

৩৫. 'সোনালিকা' ও 'আকবর' কৃষিক্ষেত্রের সাথে সংশ্লিষ্ট-
A. উন্নত জাতের ধানের নাম B. আলু বীজ এর নাম
C. উন্নত জাতের গমের নাম D. উন্নত জাতের পাটের নাম

ব্যাখ্যা : • 'সোনালিকা' ও 'আকবর' কৃষিক্ষেত্রের উন্নত জাতের গমের নাম।
• এরূপ আরো কতিপয় উন্নত জাতের গমের মধ্যে অগ্রণী, আনন্দ, কাঞ্চন, দোয়েল, বরকত, বলাকা, জোপাটিকা, ইনিয়া-৬৬ প্রভৃতি প্রধান।
• বার্ষিক বাজার মূল্য, পুষ্টিমান, মানুষ ও পশু-পাখীর খাদ্য সামগ্রী এবং সংশ্লিষ্ট শিল্পজাত উপকরণের ব্যবহারের বিষয় বিবেচনা করে এশিয়ার অন্যান্য দেশের মত বাংলাদেশেও শীত-বসন্ত মৌসুমে প্রায় অধিকাংশ এলাকাতেই ধানের পাশাপাশি গমের চাষাবাদ হয়ে থাকে।
• খাদ্য ছাড়াও বহুমুখী ব্যবহারের অন্যতম প্রয়োজনে বেকারি উপকরণ, পশু-পাখির দানাদার খাদ্য এবং শিল্পজাত পণ্যের প্রধান উপকরণ হিসেবে গম বিশেষভাবে সমাদৃত।
• বর্তমানে প্রতি বছর প্রায় ১২.০ লক্ষ মেট্রিক টন গম আমাদের দেশে উৎপাদিত হয়।
**Ans : C.**

৩৬. শিখা চিরন্তন কোথায় অবস্থিত?
A. ঢাকা সেনানিবাস B. কুমিল্লা সেনানিবাস
C. ঢাকা বিশ্ববিদ্যালয় D. সোহরাওয়ার্দী উদ্যান

ব্যাখ্যা : • মুক্তিযুদ্ধের স্মারক শিখা চিরন্তন সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত।
• এটি একটি স্মরণ স্থাপনা।
• ১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবুর রহমান এই স্থানটিতে দাঁড়িয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন।
• এটি স্থাপন করেন বিশ্বনন্দিত চার নেতা - শান্তিতে নোবেল বিজয়ী দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি নেলসন ম্যান্ডেলা, ফিলিস্তিনের ইয়াসির আরাফাত, তুরস্কের সুলেমান ডেমিরেল এবং বাংলাদেশের তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
**Ans : D.**

৩৭. বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি-
A. মার্ক টালি B. আন্দ্রে মালরো
C. ডব্লিউ এ এস ওডারল্যান্ড D. এ্যাডওয়ার্ড কেনেডি

ব্যাখ্যা : • বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি ডব্লিউ এ এস ওডারল্যান্ড।
• তাঁর পুরোনাম উইলিয়াম আব্রাহাম সাইমন ওডারল্যান্ড।
• বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে যাঁরা অবদান রেখেছিলেন তাদের মধ্যে থেকে বাংলাদেশ সরকার বিভিন্ন জনকে তাদের অবদানের ভিত্তিতে বীর শ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক উপাধিতে ভূষিত করেন।
• বীর প্রতীক চতুর্থ সর্বোচ্চ উপাধি।
• মোট ৪২৬ জনকে এই উপাধিতে ভূষিত করা হয়।
**Ans : C.**

৩৮. জেনেভা কনভেনশন কত সালে স্বাক্ষরিত হয়?
A. ১৯৪৫ B. ১৯৪৭
C. ১৯৪৯ D. ১৯৫৩

ব্যাখ্যা : • জেনেভা কনভেনশন ১৯৪৯ সালে সাক্ষরিত হয়।
• যুদ্ধ-উপদ্রুত ও যুদ্ধে ক্ষতিগ্রস্ত মানুষের সাথে জনহিতকর আচরণের জন্য যে আন্তর্জাতিক আইন রয়েছে, তার একটি মানদণ্ড নির্ধারণ করেছে জেনেভা কনভেনশন।
• এতে চারটি আনুষ্ঠানিক চুক্তি ও তিনটি বাড়তি প্রটোকল রয়েছে।
• ১৯৪৯ সালের এই চুক্তিগুলোকে সম্পূর্ণরূপে অথবা রিজার্ভেশনসহ (একটি চুক্তির কার্যধারা মুলতুবি রাখার প্রক্রিয়া) আনুষ্ঠানিকভাবে অনুমোদন করেছে ১৯৪ টি দেশ।
• রাসায়নিক ও জীবাণু যুদ্ধ নিয়ে নির্দেশনা রয়েছে জেনেভা প্রটোকলে (যুদ্ধে শ্বাসরোধকারী, বিষাক্ত ও অন্যান্য গ্যাসের ব্যবহার এবং জীবাণুতাত্ত্বিক যুদ্ধপ্রণালী নিষিদ্ধকরণের জন্য যে প্রটোকল, ১৯২৯)।
**Ans : C.**

৩৯. কত ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সব থেকে বেশি?
A. 28° C B. 4° C
C. 12° C D. 6° C

ব্যাখ্যা : • 4° C তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি থাকে।
• কারণ এই তাপমাত্রায় দুটি বিপরীত প্রভাব ভারসাম্যপূর্ণ হয়।
• বরফের ঘনত্ব পানির চেয়ে কম। তাপমাত্রা কমতে থাকলে পানি জমাট বাঁধার সাথে সাথে পানির ঘনত্ব কমতে থাকে। কিন্তু 4° C তাপমাত্রা এমন এক অবস্থা যখন পানি এমন অবস্থায় থাকে যে এটি কঠিনও না তরলও না।
• তাই এ তাপমাত্রায় পানির ঘনত্ব থাকে সবচেয়ে বেশি।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪০. বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ কয়টি?
A. ১৫২ B. ১৫৩ C. ১৫৪ D. ১৫৫

ব্যাখ্যা : • বাংলাদেশের সংবিধানে মোট ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে।
• গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন।
• এটি একটি লিখিত দলিল।
• ১৯৭২ খ্রিষ্টাব্দের ৪ঠা নভেম্বর তারিখে বাংলাদেশের জাতীয় সংসদে এই সংবিধান গৃহীত হয়।
• মূল সংবিধান ইংরেজি ভাষায় রচিত হয় এবং একে বাংলায় অনুবাদ করা হয়।
• বাংলাদেশের সংবিধান সর্বমোট ১৭ বার সংশোধীত হয়েছে।
• এই সংবিধান সংশোধনের জন্য জাতীয় সংসদের সদস্যদের মোট সংখ্যার দুই তৃতীয়াংশ ভোটের প্রয়োজন হয়।
Ans : B.

৪১. বাংলাদেশের কোন আম GI পণ্যের স্বীকৃতি পেয়েছে?
A. ল্যাংড়া B. ফজলি C. হিমসাগর D. আম্রপালি

ব্যাখ্যা : • বাংলাদেশের খিরসাপাত (হিমসাগর নামে পরিচিত) আম GI পণ্যের স্বীকৃতি লাভ করেছে।
• ভৌগোলিক স্বীকৃতি (Geographical indication সংক্ষেপে GI) হচ্ছে কোনো সামগ্রীর ব্যবহার করা বিশেষ নাম বা চিহ্ন।
• এই নাম বা চিহ্ন নির্দিষ্ট সামগ্রীর ভৌগোলিক অবস্থিতি বা উৎস (যেমন একটি দেশ, অঞ্চল বা শহর) অনুসারে নির্ধারণ করা হয়।
• ভৌগোলিক স্বীকৃতিপ্রাপ্ত সামগ্রী নির্দিষ্ট গুণগত মানদণ্ড বা নির্দিষ্ট প্রস্তুত প্রণালী অথবা বিশেষত্ব নিশ্চিত করে।
• ভৌগোলিক স্বীকৃতিপ্রাপ্ত বিভিন্ন সামগ্রী নির্দিষ্ট অঞ্চলটিতে বাণিজ্যিকভাবে উৎপাদন করার অধিকার এবং আইনি সুরক্ষা প্রদান করে।
• বাংলাদেশের প্রথম ভৌগোলিক নির্দেশক সামগ্রী হিসেবে স্বীকৃতি পায় জামদানি ২০১৬ সালে।
• ২০১৭ সালে জাতীয় মাছ ইলিশকে বাংলাদেশী পণ্য হিসাবে বিশ্ব স্বীকৃতি অর্জনের কথা ঘোষণা করে।
• এর ফলে ইলিশ বাংলাদেশের দ্বিতীয় GI পণ্য হিসাবে নিবন্ধিত হয়।
• ২০১৯ সালে খিরসাপাতি আমকে বাংলাদেশের ৩য় GI পণ্য (foodstuff) হিসেবে ঘোষণা করা হয়।
Ans : C.

৪২. ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (ICJ) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
A. বন B. ফ্রান্স C. নিউইয়র্ক D. দ্য হেগ

ব্যাখ্যা : • ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (ICJ) এর সদর দপ্তর নেদারল্যান্ডস এর দ্য হেগ (The Hague)-এ অবস্থিত।
• এটির প্রধান কাজ স্বাধীন রাষ্ট্রসমূহের মধ্যে আইনী বিরোধ নিষ্পত্তি করা এবং বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক সংস্থাকে আইন বিষয়ে পরামর্শ মতামত দেয়া।
• এটিকে সংক্ষেপে আইসিজে বলা হয়।
• এটি জাতিসংঘ দ্বারা ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হয়।
• এ আদালত ১৯৪৬ সালে কার্যক্রম শুরু করে, আন্তর্জাতিক ন্যায়বিচারের স্থায়ী আদালতের উত্তরসুরি হিসাবে।
Ans : D.

৪৩. ক্রিকেট খেলার দুই উইকেটের মাঝে দুরত্ব কত?
A. ২০.১২ গজ B. ২২ গজ C. ২১ গজ D. ২০ গজ

ব্যাখ্যা : • ক্রিকেট খেলায় দুই উইকেটের মাঝে দুরত্ব ২২ গজ।
• ক্রিকেট (Cricket) হচ্ছে ব্যাট ও বলের একটি দলীয় খেলা যাতে এগারোজন খেলোয়াড়বিশিষ্ট দুইটি দল অংশ নেয়।
• এই খেলাটির উদ্ভব হয় ইংল্যান্ডে।
• ক্রিকেট খেলা ঘাসযুক্ত মাঠে (সাধারণত ওভাল বা ডিম্বাকৃতির) খেলা হয়, যার মাঝে ২২ গজের ঘাসবিহীন অংশকে পিচ বলে।
• পিচের দুই প্রান্তে কাঠের তিনটি করে লম্বা লাঠি বা স্ট্যাম্প থাকে।
• ঐ তিনটি স্ট্যাম্পের উপরে বা মাথায় দুইটি ছোট কাঠের টুকরা বা বেইল থাকে। স্ট্যাম্প ও বেইল সহযোগে এই কাঠের কাঠামোকে উইকেট বলে।
• খেলোয়াড় হিসেবে যিনি ক্রিকেট খেলায় অংশগ্রহণ করেন বা খেলে থাকেন, তিনি ক্রিকেটার নামে পরিচিত।
Ans : B.

৪৪. বাংলাদেশের সর্ববৃহৎ দ্বীপ কোনটি?
A. ভোলা B. সেইন্টমার্টিন C. কুতুবদিয়া D. মহেষখালি

ব্যাখ্যা : • বাংলাদেশের সর্ববৃহৎ দ্বীপ ভোলা।
• ভোলা বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা।
• ভোলা জেলার পূর্বনাম শাহবাজপুর দ্বীপ।
• বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন।
• সেন্টমার্টিন দ্বীপের অপর নাম বা পুরনো নাম নারিকেল জিঞ্জিরা।
• বাংলাদেশের সর্বদক্ষিণের স্থান ও দ্বীপ ছেঁড়াদ্বীপ।
Ans : A.

৪৫. সিপাহী বিদ্রোহ সংঘটিত হয়েছিল কোন সালে?
A. ১৭৫৭ সালে B. ১৭৫৬ সালে C. ১৮৫৭ সালে D. ১৯৭১ সালে

ব্যাখ্যা : • সিপাহী বিদ্রোহ ১৮৫৭ সালে সংঘটিত হয়েছিল।
• এ বিদ্রোহ শুরু হয় মিরাট শহরে।
• এটি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সেনাবাহিনীর সিপাহিদের একটি বিদ্রোহ।
• এই বিদ্রোহ দমন করতে কোম্পানিকে যথেষ্ট বেগ পেতে হয়।
• ১৮৫৮ সালে গোয়ালিয়রে বিদ্রোহীদের পরাজয়ের পরই একমাত্র বিদ্রোহ দমন করা সম্ভব হয়।
• সিপাহি বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতা যুদ্ধ, মহাবিদ্রোহ, ভারতীয় বিদ্রোহ, ১৮৫৭ সালের বিদ্রোহ ও ১৮৫৮ সালের গণ-অভ্যুত্থান নামেও অভিহিত করা হয়ে থাকে।
• এই বিদ্রোহ দমন করা হয় নির্মমভাবে। বহু নিরপরাধ নরনারী, শিশু বৃদ্ধদের নির্বিচারে হত্যা করা হয়।
Ans : C.

৪৬. বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতিগুলি কোথায় লিপিবদ্ধ করা আছে?
A. আইন গ্রন্থে B. স্বাধীনতার সনদে
C. সরকারি দলের গঠনতন্ত্রে D. সংবিধানে

ব্যাখ্যা : • বাংলাদেশের রাষ্ট্র পরিচালনার মূলনীতিগুলো সংবিধানে উল্লেখ আছে।
• বাংলাদেশ সংবিধানের দ্বিতীয় ভাগে (অনুচ্ছেদ ৮ থেকে অনুচ্ছেদ ২৫ পর্যন্ত) এ মূলনীতিগুলো উল্লেখ করা হয়েছে।
• বাংলাদেশ সংবিধানের তৃতীয় ভাগে (অনুচ্ছেদ ২৬ থেকে অনুচ্ছেদ ৪৭ পর্যন্ত) বাংলাদেশের নাগরিকদের মৌলিক অধিকার এর উল্লেখ করা হয়েছে।
• বাংলাদেশ সংবিধান প্রণীত হয় ১৯৭২ সালে।
Ans : D.

৪৭. বিশ্বকাপ ফুটবল ২০১৮ এর চ্যাম্পিয়ন কোন দেশ?
A. বেলজিয়াম B. ফ্রান্স C. ইংল্যান্ড D. জার্মানি

ব্যাখ্যা : • বিশ্বকাপ ফুটবল ২০১৮ এর চাম্পিয়ন ফ্রান্স।
• ফাইনালে ফ্রান্স এর বিপক্ষ দলে ছিল ক্রোয়েশিয়া।
• ফাইনাল ম্যাচে ক্রোয়েশিয়ার বিপক্ষে ফ্রান্স ৪-২ স্কোর করার মাধ্যমে তারা তাদের দ্বিতীয় বিশ্বকাপ শিরোপা লাভ করে।
• বিশ্বকাপ ফুটবল ২০১৮ এর আয়োজক ছিল রাশিয়া।
• এ বিশ্বকাপে মোট দল ছিল ৩২টি এবং মোট ম্যাচ হয়েছে ৬৪টি।
Ans : B.

৪৮. বাংলাদেশের জাতীয় সংসদ কয় কক্ষবিশিষ্ট?
A. দ্বি-কক্ষ B. এক কক্ষ C. তিন কক্ষ D. বহু কক্ষ

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় সংসদ এক কক্ষবিশিষ্ট।
• এটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইনসভা।
• এ আইনসভার সদস্য সংখ্যা ৩৫০।
• এর মধ্যে ৩০০ জন সংসদ সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হয়ে থাকেন।
• অবশিষ্ট ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত।
• সংসদের মেয়াদকাল পাঁচ বছর।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪৯. জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম কি?
A. বান কি মুন B. অ্যান্টনিও গুতেরেস
C. কোফি আনান D. ডাইরা-ডাইক ফ্রেইবার্গা

ব্যাখ্যা : • জাতিসংঘের বর্তমান মহাসচিবের নাম অ্যান্টনিও গুতেরেস।
• তিনি পর্তুগালের নাগরিক।
• জাতিসংঘের লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা।
• ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়।
• এর সদস্য রাষ্ট্রের সংখ্যা ১৯৩।
• এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক শহরে অবস্থিত।
Ans : B.

৫০. বাংলার প্রাচীনতম জনপদ কোনটি?
A. সোনারগাঁও B. বিক্রমপুর
C. পাহাড়পুর D. পুণ্ড্র

ব্যাখ্যা : • বাংলার প্রাচীনতম জনপদ পুণ্ড্র।
• প্রাচীনযুগে বাংলার বিভিন্ন অংশ তখন বঙ্গ, পুণ্ড্র, গৌড়, হরিকেল, সমতট, বরেন্দ্র এরকম প্রায় ১৬টি জনপদে বিভক্ত ছিল।
• বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলার অবস্থানভূমিকে কেন্দ্র করে গড়ে উঠে পুণ্ড্র জনপদ।
• প্রাচীন পুণ্ড্র রাজ্যের রাজধানী ছিল পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর।
• সম্রাট অশোকের রাজত্বকালে প্রাচীন পুণ্ড্র রাজ্যের স্বাধীনতা বিলুপ্ত হয়।
• এর বর্তমান অবস্থান বগুড়া জেলার মহাস্থানগড়।
• বৈদিক সাহিত্য ও মহাভারতে এ জাতির উল্লেখ আছে।
Ans : D.

৫১. কারা বর্গী নামে পরিচিত?
A. পর্তুগিজরা B. ইংরেজরা
C. তামিলরা D. মারাঠারা

ব্যাখ্যা : • মারাঠারা বর্গী নামে পরিচিত ছিল।
• অষ্টাদশ শতাব্দীর লুটতরাজপ্রিয় অশ্বারোহী মারাঠা সৈন্যদলই মূলত বর্গী নামে পরিচিত ছিল।
• এই বর্গী শব্দটা এসেছে ফারসি 'বারগির' থেকে, যেটার অর্থ 'প্রাচীন মারাঠা যোদ্ধা'।
• ১৭৪১ থেকে ১৭৫১ সাল পর্যন্ত দশ বছর ধরে বাংলার পশ্চিম সীমান্ত-বর্তী অঞ্চলগুলিতে নিয়মিতভাবে লুটতরাজ চালাত বর্গীরা।
• বর্গীহানা এই সময় একপ্রকার বাৎসরিক ঘটনায় পরিণত হয়েছিল।
Ans : D.

৫২. যুক্তরাষ্ট্র আলাস্কা ক্রয় করে কার কাছ থেকে?
A. যুক্তরাজ্য B. রাশিয়া
C. ফ্রান্স D. জার্মান

ব্যাখ্যা : • যুক্তরাষ্ট্র 'আলাস্কা' ক্রয় করে রাশিয়ার কাছ থেকে।
• ১৮৬৭ সালে রুশ সাম্রাজ্যের কাছ থেকে যুক্তরাষ্ট্র আলাস্কা ভূখণ্ডটি ক্রয় করে নেয়।
• এর মোট মূল্য নির্ধারিত হয় প্রায় ৭২ লক্ষ মার্কিন ডলার।
• আলাস্কা (Alaska) বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য।
• ১৯৫৯ খ্রীস্টাব্দে এটি যুক্তরাষ্ট্রের ৪৯তম অঙ্গরাজ্য হিসাবে অন্তর্ভুক্ত হয়।
Ans : B.

৫৩. বায়ুমণ্ডলের কোন স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়?
A. আয়নোস্ফিয়ার B. ট্রোপোস্ফিয়ার
C. ওজোন স্তর D. সবগুলো

ব্যাখ্যা : • বায়ুমণ্ডলের আয়নোস্ফিয়ার বা আয়নমণ্ডলে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়।
• বেতার তরঙ্গ এক প্রকারের তড়িৎ-চৌম্বকীয় বিকিরণ যার তরঙ্গদৈর্ঘ্যের সীমা ১ মিলিমিটার থেকে ১০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত হয়।
• এই তরঙ্গ খালি চোখে দেখা যায় না।
• বেতার তরঙ্গ আলোর গতিতে ভ্রমণ করে।
• প্রাকৃতিক উপায়ে বেতার তরঙ্গ সৃষ্টি হয় সাধারণতঃ বজ্রপাত বা মহাজাগতিক বস্তু থেকে।
• কৃত্রিমভাবে তৈরীকৃত বেতার তরঙ্গ মোবাইল টেলিযোগাযোগ, বেতার যোগাযোগ, সম্প্রচার, রাডার ও অন্যান্য দিকনির্দেশনা (navigation) ব্যবস্থা, কৃত্রিম উপগ্রহের সাথে যোগাযোগ, কম্পিউটার নেটওয়ার্ক সহ অসংখ্য কাজে ব্যবহৃত হয়।
Ans : A.

৫৪. ওয়ানডে ক্রিকেটের ইতিহাসে কোন বাংলাদেশি বোলার অভিষেক ম্যাচে হ্যাট্রিক করেন?
A. মাহমুদ উল্লাহ রিয়াদ B. তাইজুল ইসলাম
C. মাশরাফি বিন মর্তুজা D. সাকিব আল হাসান

ব্যাখ্যা : • ওয়ানডে ক্রিকেটের ইতিহাসে প্রথম বাংলাদেশি বোলার হিসেবে তাইজুল ইসলাম অভিষেক ম্যাচে হ্যাট্রিক করেন।
• তাইজুল ইসলাম ১৯৯২ সালে বাংলাদেশের নাটোর জেলায় জন্মগ্রহণ করেন।
• বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলে তিনি মূলতঃ স্লো লেফট-আর্ম অর্থোডক্স বোলিং করে থাকেন।
• পাশাপাশি বামহাতি ব্যাটসম্যান হিসেবেও দলে ভূমিকা রাখছেন।
• তিনি বাংলাদেশ অনূর্ধ্ব-২৩ ক্রিকেট দলে খেলছেন।
• এছাড়াও, বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দলসহ ঘরোয়া ক্রিকেটে দুরন্ত রাজশাহী, প্রাইম ধলেশ্বর স্পোর্টিং ক্লাব ও রাজশাহী বিভাগের হয়ে খেলেছেন।
Ans : B.

৫৫. ইতিহাসের জনক কাকে বলা হয়?
A. হিরোডোটাস B. রাসপুটিন
C. কামাল পাশা D. স্যার ওয়াল্টার স্কট

ব্যাখ্যা : • ইতিহাসের জনক বলা হয় হিরোডোটাসকে।
• হেরোডোটাস বা হিরোডোটাস (Herodotus) একজন প্রাচীন গ্রিক দার্শনিক।
• তিনি ছিলেন খ্রিস্টপূর্ব ৫ম শতাব্দির দার্শনিক (আনুমানিক খ্রিস্টপূর্ব ৪৮৪ -আনুমানিক খ্রিস্টপূর্ব ৪২৫)।
• রোমান আইনবিদ, ইতিহাসবিদ ও দার্শনিক সিসেরো তাঁকে ইতিহাসের জনক হিসেবে আখ্যা দিয়েছেন।
• হিরোডোটাসই প্রথম পদ্ধতিগতভাবে ঐতিহাসিক উপাদান সংগ্রহ করেছিলেন, সেগুলোর সূক্ষ্মতা নিরূপণে উদ্যমী উদ্যোগ নিয়েছিলেন, এবং সেগুলোকে সঠিক ক্রমে প্রয়োজনীয় ব্যাখ্যায় বিন্যস্ত করেছিলেন।
• অন্যদিকে, প্লুটার্ক তাঁকে 'মিথ্যার জনক' বলেছেন।
• দ্য হিস্টোরিস (The Histories) বইটি তাঁর অমর সৃষ্টিকর্ম।
Ans : A.

৫৬. প্যাপিরাস কী?
A. চিত্র B. লেখনী C. নলখাগড়া D. গুপ্ত সংকেত

ব্যাখ্যা : মিশরীয় সভ্যতায় নীল নদের তীরে নলখাগড়া জাতীয় গাছ পাওয়া যেত। সেই গাছ কেটে প্রাপ্ত খোলকে পাথর চাপা দিয়ে রোদে শুকানো হতো। ফলে খোলগুলো শুকিয়ে যেত এবং পাথরের চাপে সোজা হয়ে লেখার উপযোগী হতো। পরবর্তীতে আঠা দিয়ে জোড়া দিয়ে রোল আকারে সংরক্ষন করা হতো। এভাবে তৈরী প্রাচীন লেখার উপযোগী মাধ্যমকে প্যাপিরাস বলা হয়। অর্থাৎ প্যাপিরাস হলো এক প্রকারের লেখনী।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৫৭. VGF- এর পূর্ণরূপ কী?
A. Vulnerable Group Feeding
B. Vulnerable Group Funding
C. Vulnerable Group Finding
D. Village Group Feeding

ব্যাখ্যা : • VGF এর পূর্ণরূপ Vulnerable Group Feeding.
• ভিজিএফ মূলত একটি মানবিক সহায়তা কর্মসূচি, যার মাধ্যমে সরকার দরিদ্র পরিবারের মধ্যে খাদ্য বিতরণ করে থাকে।
• ভিজিএফ কর্মসূচিতে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগণের মধ্যে খাদ্যশস্য সরবরাহ করা হয়।
• এই কর্মসূচির উদ্দেশ্য হচ্ছে দরিদ্র পরিবারের দারিদ্র্য হ্রাস করা : (১) দুঃস্থ ও গরীব জনগণের দূর্যোগ ঝুঁকি প্রশমন করার লক্ষ্যে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা; (২) পীড়িত জনগণ এবং শিশুদের রোগ প্রতিরোধ করা; (৩) মন্দার সময়ে কর্মহীন জনগণের মধ্যে খাদ্য সরবরাহ করা; (৪) উপকারভোগীদেরকে সাময়িক সাহায্যের মাধ্যমে দারিদ্র্য নিরসনে অবদান রাখা, বিশেষ করে অতিদরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করা।
Ans : A.

৫৮. বাংলাদেশের প্রথম শহীদ বুদ্ধিজীবী কে?
A. ড. শামসুজ্জোহা
B. জহির রায়হান
C. গোবিন্দচন্দ্র দেব
D. শহীদুল্লাহ কায়সার

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম শহীদ বুদ্ধিজীবী ড. শামসুজ্জোহা।
• সৈয়দ মোহাম্মদ শামসুজ্জোহা (১৯৩৪ - ১৯৬৯) ছিলেন একজন বাঙালি শিক্ষাবিদ এবং অধ্যাপক।
• তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক (তৎকালীন রিডার) ছিলেন।
• বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের দায়িত্ব পালনকালে ১৮ ফেব্রুয়ারী ১৯৬৯ সালে আইয়ুব বিরোধী আন্দোলনের সময় পাকিস্তানি সেনাবাহিনীর আক্রমণের মুখে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের রক্ষা করতে গিয়ে শহীদ হন।
• উনসত্তরের গণঅভ্যুত্থানে তিনি দেশের জনগণকে পাকিস্তানবিরোধী আন্দোলনে দৃঢ়ভাবে ঐক্যবদ্ধ করেছিলেন।
• বাংলা ভাষা আন্দোলনের সময়ও তিনি প্রত্যক্ষভাবে আন্দোলনের সাথে যুক্ত ছিলেন।
Ans : A.

৫৯. Demographic Dividend বলতে কী বুঝায়?
A. ০-১৪ বছর বয়সী মানুষের আধিক্য
B. ১৫-৬৪ বছর বয়সী মানুষের আধিক্য
C. ৪০-৫৯ বছর বয়সী মানুষের আধিক্য
D. ৮০-৮৫ বছর বয়সী মানুষের আধিক্য

ব্যাখ্যা : • Demographic Dividend বলতে দেশের কর্মক্ষম জনগোষ্ঠী অর্থাৎ ১৫ থেকে ৬৪ বছর বয়সী জনসংখ্যার আধিক্য বুঝায়।
• যখন এই কর্মক্ষম জনসংখ্যা দেশের মোট জনসংখ্যার ৬০ শতাংশের বেশি থাকে, তখন ওই দেশ ডেমোগ্রাফিক বোনাসকালে অবস্থান করছে বলে ধরা হয়।
• মনে করা হয়, এ জনসংখ্যা কোনো না কোনোভাবে অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে, যা দেশের জিডিপি প্রবৃদ্ধিতে অবদান রাখে।
• ইউএনডিপির প্রতিবেদন অনুযায়ী, বর্তমানে এ দেশের কর্মক্ষম জনশক্তি ১০ কোটি ৫৬ লাখ, যা মোট জনসংখ্যার ৬৬ শতাংশ।
• ২০৩০ সালে দেশে কর্মক্ষম মানুষের সংখ্যা আরও বেড়ে দাঁড়াবে ১২ কোটি ৯৮ লাখে।
Ans : B.

৬০. লালসালু উপন্যাসের পটভূমি কী?
A. রাজনীতি
B. ধর্মনীতি
C. উদ্বাস্তু সমাজ
D. গ্রামীণ সমাজ

ব্যাখ্যা : • লালসালু উপন্যাসের পটভূমি হল গ্রামীণ সমাজ।
• লালসালু এর রচয়িতা সৈয়দ ওয়ালীউল্লাহ।
• এটি প্রথম প্রকাশিত হয় ১৯৪৮ সালে।
• সৈয়দ ওয়ালীউল্লাহ এই উপন্যাসের জন্য বাংলা একাডেমী পুরস্কার পান।
• মূলত গ্রামীণ সমাজের সাধারণ মানুষের সরলতাকে কেন্দ্র করে ধর্মকে ব্যবসার উপাদানরূপে ব্যবহারের একটি নগ্ন চিত্র উপন্যাসটির মূল বিষয়।
• উপন্যাসটির রচনাকাল ১৯৪৮ সাল।
• এটি সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম উপন্যাস।
• এটি পরে ইংরেজি ও ফরাসি ভাষায় অনুবাদ করা হয়।
Ans : D.

# লিখিত অংশ

## বাংলা

১. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।'- উক্তিটি কার?

উত্তর : ১৯৫২ সালে মিছিলে পুলিশ গুলি করলে নুরুল আমিনের প্রসঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আলোচ্য উক্তিটি ব্যক্ত করেন।
ব্যাখ্যা : প্রশ্নোক্ত উক্তিটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা 'বায়ান্নর দিনগুলো' গল্প থেকে নেওয়া হয়েছে।
মানুষ ভুল করলে তার ধ্বংস অনিবার্য হয়ে দেখা দেয়। আর নিজের ধ্বংস বা পতন আঁচ করতে পেরে সে আরো হিংসাপ্রবণ হয়ে নেতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করে ও প্রতিপক্ষের ক্ষতি সাধন করতে মরিয়া হয়ে ওঠে। এমনই এক অবস্থার বর্ণনা দেখা যায় 'বায়ান্নর দিনগুলো' রচনায়।

২. 'সমাস' শব্দের অর্থ কী?

উত্তর : সমাস অর্থ- মিলন, পদের সংক্ষেপণ সংগ্রহ ও একপদীকরণ।
ব্যাখ্যা : 'সমাস' এর গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• এটি পরিভাষিক শব্দ, সংস্কৃত শব্দ, কৃৎপ্রত্যয়সাধিত শব্দ।
• এটি ব্যাকরণের শব্দতত্ত্বে আলোচিত হয়।
• এর গঠন সম্ + √অস্ + অ = সমাস।
• এর বিপরীতার্থক শব্দ- বিচ্ছেদ, বিগ্রহ।

৩. 'আপামর' শব্দটিতে 'পামর' অর্থ কি?

উত্তর : পামর শব্দটির অর্থ - পাষণ্ড, পাপিষ্ঠ শয়তান, ভণ্ড, দানব, শত্রু, দুশমন।
ব্যাখ্যা : আপামর শব্দের অর্থ হলো সকলে অর্থাৎ ভালো মন্দ, ছোট-বড় বন্ধু-শত্রু সকলকে বুঝায়।
• আ + পামর = পামর পর্যন্ত।

৪. 'জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।'- এখানে কোন্ জনমতের কথা কে বলেছেন?

উত্তর : 'জনমতের বিরুদ্ধে যেতে শাসকেরাও ভয় পায়।' আলোচ্য উক্তিটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের। এখানে জনমত বলতে রাষ্ট্রভাষা বাংলার দাবীতে সকল জনগণের একাত্মতার কথা বলা হয়েছে।
ব্যাখ্যা : মূলত শুভ কাজে জনগণের যে মতামত সেই মতামতের বিরুদ্ধে শাসকও যাইতে ভয় পায়, কেননা তার ক্ষমতা হারানোর ভয় থাকে।

৫. ব্যাকরণে 'বচন' বলতে কী বোঝায়?

উত্তর : ব্যাকরণে বিশেষ্য বা সর্বনামের সংখ্যা প্রকাশের উপায়কে বচন বলে। বচন জাতিগত দিক থেকে পারিভাষিক শব্দ আর ভাষাগত দিক থেকে সংস্কৃত শব্দ।
ব্যাখ্যা : 'বচন' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• বচন প্রধানত দুই প্রকার- একবচন, বহুবচন।
• যে শব্দ দ্বারা একটি প্রাণি বা বিষয় বুঝায় তাই একবচন।
• যে শব্দ দ্বারা একাধিক প্রাণি বা বিষয় বুঝায় তাই বহুবচন।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৬. 'নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!'- চরণের অর্থ বুঝিয়ে লেখ।

উত্তর : আত্মীয়তার সম্পর্ক চিরদিনের এবং এক মধুর সম্পর্ক। স্বজন নির্গুন হলেও বিপদে-আপদে ছুটে আসে। সবার আগে স্বজনরাই পাশে দাঁড়ায়। আর পরজন গুণবান হলেও তাকে দিয়ে উপকার হয় না। প্রশ্নোক্ত উক্তিটি দ্বারা এই কথায় ব্যক্ত হয়েছে।

ব্যাখ্যা : উক্তিটি কবি মাইকেল মধুসূদন দত্তের 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতা থেকে নেওয়া হয়েছে।

বিভীষণের স্বপক্ষ ত্যাগ করে রামের পক্ষ নেওয়ায় মেঘনাদ বিভীষণকে উদ্দেশ্য করে এই মন্তব্য করে।

৭. কৃষকনেতা নূরলদীন সাধারণ মানুষকে কিভাবে ডাক দিয়েছিলেন?

উত্তর : কৃষকনেতা নূরলদীন সাধারণ মানুষকে 'জাগো, বাহে, কোনঠে সবাই?' বলে ডাক দিয়েছিলেন।

ব্যাখ্যা : • নূরলদীন তার দীর্ঘ দেহ নিয়ে মরা আঙিনায় ডাক দিয়েছিল সাধারণ মানুষকে ব্রিটিশ বিরোধী আন্দোলনে।

• বাংলা ১১৮৯ সনে (ইংরেজি ১৭৮২ সালে) রংপুর, দিনাজপুর অঞ্চলে নূরলদীন সাধারণ মানুষকে একত্রিত করেছিলো এবং ব্রিটিশ বিরোধী আন্দোলনের ডাক দিয়েছিলো।

• ১৯৭১ সালে যখন পাকিস্তানিদের কালো ছায়ায় ভরে যায় আমাদের সোনার বাংলা, তখন সৈয়দ শামসুল হক ইতিহাস থেকে কবিতায় নিয়ে আসেন রংপুরের ঐ বীর কৃষকনেতা নূরলদীনকে।

৮. জননীর আশীর্বাদ কাকে দীর্ঘায়ু করবে?

উত্তর : যে গাভীর পরিচর্যা করে জননীর আশীর্বাদ তাকে দীর্ঘায়ু করবে।

ব্যাখ্যা : প্রশ্নোক্ত বিষয়টি কবি আবু জাফর ওবায়দুল্লাহর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতা থেকে চয়ন করা হয়েছে।

কবি আমাদের উৎসাহিত করার জন্য বিভিন্ন অনুষঙ্গ নিয়ে এসেছেন কবিতায়। তারই একটি হলো প্রশ্নোক্ত বিষয়টি। এভাবে তিনি মুক্তিযোদ্ধাদের আন্দোলিত করেছেন।

এখানে গাভী হলো প্রাণ এবং প্রাকৃতিক প্রতীক। কবি বলতে চাচ্ছেন যারা এই মাতৃভূমির প্রাণ এবং প্রকৃতির পরিচর্যা করবে তাদেরকে মাতৃভূমি আশীর্বাদ করবেন এবং তারা চির অমর হবেন।

৯. 'কমলাকান্তের দপ্তর' কী ধরনের গদ্য রচনা?

উত্তর : 'কমলাকান্তের দপ্তর' একটি রম্য রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন।

ব্যাখ্যা : • বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিখ্যাত প্রবন্ধগ্রন্থ- 'কমলাকান্তের দপ্তর'।

• রসাত্মক বলতে এই গ্রন্থ পাঠে মানুষ আত্মতৃপ্তি অনুভব করে।

• ব্যঙ্গধর্মী বলতে তৎকালীন ইংরেজ শাসনামলে সমাজের অসংগতি তুলে ধরা হয়েছে।

১০. 'মাঘের সন্ন্যাসী' বলতে কবি সুফিয়া কামাল কী বুঝিয়েছেন?

উত্তর : কবি সুফিয়া কামাল 'মাঘের সন্ন্যাসী' বলতে শীতকালকে বুঝিয়েছেন।

ব্যাখ্যা : • প্রকারান্তরে এই শীতকাল হলো স্বামীহৃত কবির সে সময়ের মনের অবস্থা।

• স্ত্রী মানুষের কাছে দুনিয়ায় সবচেয়ে আপন ও প্রিয় হলো স্বামী। আর সেই স্বামী হারালে নারীদের মনের অবস্থা করুণরূপ ধারণ করে।

!!! বের হয়েছে !!!
সম্পূর্ণ নতুন আঙ্গিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের
ইউনিট ভিত্তিক লিখিত অংশের পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য
◆ পানকৌড়ি Written (A Unit)
◆ পানকৌড়ি Written (B Unit)
◆ পানকৌড়ি Written (C Unit)

## English

**11. What do you understand by the term 'Diaspora'?**

**Ans :** Diaspora is a large group of people with a similar heritage or homeland who have since moved out to places all over the world. The word is used to describe any large migration of refugees, language or culture.

**12. Nobody is free from error. Make it affirmative.**

**Ans : Neg :** Nobody is free from error.
**Affir :** Everybody is liable to error.

**13. Make a sentence on the following structure : subject + verb + object + objective complement.**

**Ans :** Joy made Faruk frustrated.
Here, Joy is subject, made is verb, Faruk is object and frustrated is objective complement.
**Note :** An object complement can be a noun, pronoun or adjective, which gives further meaning to the object.

**14. Transform the word 'emphasis' into a verb and make a sentence with that verb.**

**Ans :** Emphasis (noun) - Emphasise (verb)
**Example :** He spoke louder to emphasise his next point in the speech.

**15. Use "why you are late" as an adjective clause in a sentence.**

**Ans :** Tell me the reason why you are late.
In this sentence "why you are late", is used as an adjective clause.

**16. I have done well in the exam. Rewrite the sentence using the antonym of 'well'.**

**Ans :** I haven't done bad in the exam.

**17. What is a linking verb?**

**Ans :** A Linking verb is a verb that describes the subject by connecting it to a predicate adjective or predicate noun.
**Example :** John is exited.

**18. What is the difference between a transitive and an intransitive verb?**

**Ans :** Transitive verbs are action verbs that have an object to receive that action.
On the other hand, intransitive verbs are action verbs but they do not have an object receiving that action.

**19. What was Tereshkova's contribution to Russian politics?**

**Ans :** Valentina Tereshkova was the first woman to go into space. Tereshkova later involved in soviet Politics. Tereshkova toured the world to promote soviet science.

**20. Translate into Bangla : Grasp all lose all. Sharing is caring!**

**Ans :** Grasp all lose all. – অতি লোভে তাঁতি নষ্ট।
Sharing is Caring! – ভাগ করে নেওয়া যত্নশীল।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার